# বার্ষিক প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদন

## অর্থবছর: ২০২৩-২০২৪

**কর্মসূচি ও মূল্যায়ন বিভাগ**

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)

২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

# বার্ষিক প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদন

অর্থবছর: ২০২৩-২০২৪


## কর্মসূচি ও মূল্যায়ন বিভাগ

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)

২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

# বার্ষিক প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদন


**প্রকাশক**

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)

২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭



**উপদেষ্টা**

মনোজ কুমার রায়

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

এনআইএলজি, ঢাকা।

**প্রণয়নে**

মো: শফিকুল ইসলাম, (যুগ্মসচিব) পরিচালক (কর্মসূচি ও মূল্যায়ন), এনআইএলজি, ঢাকা

মো: শফিকুল ইসলাম, (উপসচিব) যুগ্মপরিচালক (কর্মসূচি ও মূল্যায়ন), এনআইএলজি, ঢাকা

মো: নাজিম উদ্দিন, ডকুমেন্টেশন কর্মকর্তা, এনআইএলজি, ঢাকা



**স্বত্ব**

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)



**প্রকাশকাল**

জুন, ২০২৪



মহাপরিচালক
জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

# মুখবন্ধ

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) কর্তৃক প্রতিবছর বাস্তবায়িত প্রশিক্ষণ কোর্সের মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ একটি নিয়মিত কার্যক্রম। কর্মসূচি ও মূল্যায়ন বিভাগ থেকে প্রতি বছর ২ টি প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদন প্রকাশ করে থাকে যার একটি অর্ধবার্ষিক ও অপরটি বার্ষিক। প্রতিবেদন প্রকাশের মাধ্যমে প্রশিক্ষণার্থীগণের প্রশিক্ষণ পূর্ব ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফলের তুলনামূলক পার্থক্য জানা যায়। এছাড়া কোর্স ব্যবস্থাপনা ও সার্বিক বিষয়ে প্রশিক্ষণার্থীগণের মতামত জানার সুযোগ সৃষ্টি হয় যা পরবর্তী প্রশিক্ষণের গুণগতমান উন্নয়নে সহযোগিতা করে থাকে। এই বার্ষিক প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদনটিতে ১১টি অধ্যায়ে অত্যন্ত সুন্দর ভাবে সারণী ও চার্ট ব্যবহার করে বিভিন্ন শিরোনামের ৭৯টি ব্যাচের ৩০৬২ জন প্রশিক্ষণার্থীর মূল্যায়ন ফলাফল উপস্থাপন করা হয়েছে।

আমি বিশ্বাস করি প্রতিবেদনটি প্রতিষ্ঠানের প্রশিক্ষণের মানোন্নয়ন, গবেষণা কাজের সেকেন্ডারি তথ্য সহায়তা ও প্রশাসনিক যেমন- হোস্টেল ও ডাইনিং ব্যবস্থাপনাসহ সার্বিক উন্নয়নে সহায়ক হবে। প্রতিবেদনটি প্রণয়নে যারা অক্লান্ত পরিশ্রম করেছেন তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

মনোজ কুমার রায়

## সুচীপত্র


| বিষয়বস্তু | পৃষ্ঠা |
| --- | --- |
| **প্রথম অধ্যায়**<br>**ভূমিকা ও সারসংক্ষেপ** | |
| ভূমিকা | ১ |
| সারসংক্ষেপ | |
| **দ্বিতীয় অধ্যায়**<br>**জেলা পরিষদ সদস্যগণের জন্য 'জেলা পরিষদ সম্পর্কিত অবহিতকরণ প্রশিক্ষণ' কোর্স** | |
| কোর্স সম্পর্কে ধারণা | ৫-৭ |
| প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল | |
| কোর্স মূল্যায়ন | |
| ভবিষ্যতে এ ধরণের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায় | |
| আবাসন ব্যবস্থা | |
| কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা সর্ম্পকে মতামত | |
| **তৃতীয় অধ্যায়**<br>**পৌরসভার মেয়র, কাউন্সিলর ও পৌর নির্বাহী কর্মকর্তাগণের জন্য 'পৌরসভা সম্পদ আহরণ ও নাগরিক অংশগ্রহন' বিষয়ক প্রশিক্ষণ** | |
| কোর্স সম্পর্কে ধারণা | ৮-১০ |
| প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল | |
| কোর্স মূল্যায়ন | |
| ভবিষ্যতে এ ধরণের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায় | |
| আবাসন ব্যবস্থাপনা সম্পর্কে মতামত | |
| কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা সর্ম্পকে মতামত | |
| **চতুর্থ অধ্যায়**<br>**উপজেলা রিসোর্স টিম (ইউআরটি) সদস্যগণের 'প্রশিক্ষক প্রশিক্ষণ' কোর্স** | |
| কোর্স সম্পর্কে ধারণা | ১১-১৩ |
| প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল | |
| কোর্স মূল্যায়ন | |
| ভবিষ্যতে এ ধরণের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায় | |

| | |
|---|---|
| **পঞ্চম অধ্যায়**<br>**ইউপি চেয়ারম্যান, সদস্য, সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের 'সম্পদ আহারণ ও বাজেট ব্যবস্থাপনা' প্রশিক্ষণ** | |
| কোর্স সম্পর্কে ধারণা | ১৪-১৬ |
| প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল | |
| প্রশিক্ষণ কোর্স মূল্যায়ন | |
| ভবিষ্যতে এ ধরণের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায় | |
| আবাসন ব্যবস্থাপনা সম্পর্কে মতামত | |
| কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা সর্ম্পকে মতামত | |
| **ষষ্ঠ অধ্যায়**<br>**ইউনিয়ন পরিষদ সচিবগণের 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স** | |
| কোর্স সম্পর্কে বিস্তারিত | ১৭-১৯ |
| প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল | |
| কোর্স মূল্যায়ন | |
| ভবিষ্যতে এ ধরণের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায় | |
| আবাসন ব্যবস্থা সম্পর্কে মতামত | |
| ডাইনিং ব্যবস্থাপনা | |
| কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা সর্ম্পকে মতামত | |
| **সপ্তম অধ্যায়**<br>**ইউনিয়ন পরিষদ সচিবগণের 'বুনিয়াদি রিফ্রেসার্স' কোর্স** | |
| কোর্স সম্পর্কে বিস্তারিত | ২০-২২ |
| প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল | |
| কোর্স মূল্যায়ন | |
| ভবিষ্যতে এ ধরণের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায় | |
| আবাসন ব্যবস্থা সম্পর্কে মতামত | |
| ডাইনিং ব্যবস্থাপনা | |
| কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা সর্ম্পকে মতামত | |

| | |
|---|---|
| **অষ্টম অধ্যায়**<br>**হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স** | |
| কোর্স সম্পর্কে বিস্তারিত | ২৩-২৫ |
| প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল | |
| কোর্স মূল্যায়ন | |
| ভবিষ্যতে এ ধরণের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায় | |
| আবাসন ব্যবস্থা | |
| ডাইনিং ব্যবস্থাপনা | |
| কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা সর্ম্পকে মতামত | |
| **নবম অধ্যায়**<br>**ইউনিয়ন পরিষদ 'গ্রামপুলিশ বাহিনীর দায়িত্ব ও কার্যাবলী' কোর্স** | |
| কোর্স সম্পর্কে বিস্তারিত | ২৬-২৮ |
| প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল চার্টের মাধ্যমে তুলনামূলক আলোচনা | |
| কোর্স মূল্যায়ন | |
| ভবিষ্যতে এ ধরণের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায় | |
| **দশম অধ্যায়**<br>**ইউনিয়ন পরিষদ গ্রামপুলিশ বাহিনীর 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স** | |
| কোর্স সম্পর্কে বিস্তারিত | ২৯-৩১ |
| প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল চার্টের মাধ্যমে তুলনামূলক আলোচনা | |
| কোর্স মূল্যায়ন | |
| ভবিষ্যতে এ ধরণের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায় | |
| **একাদশ অধ্যায়**<br>**ফলাফল ও সুপারিশ** | |
| ফলাফল ও সুপারিশ | ৩২-৩৪ |
| উপসংহার | |

# প্রথম অধ্যায়
## ভূমিকা ও সারসংক্ষেপ

**১.০ ভূমিকা:**

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) বাংলাদেশে স্থানীয় সরকার ব্যবস্থায় সম্পৃক্ত মানব সম্পদ উন্নয়নে নিয়োজিত একমাত্র জাতীয় প্রতিষ্ঠান। বিগত ৫৫ বছর যাবত এ প্রতিষ্ঠানটি স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে শক্তিশালী, গতিশীল জনবান্ধব করে গড়ে তুলতে আধুনিক পদ্ধতি, কলাকৌশল ও উপকরণ ভিত্তিক প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম পরিচালনা করে আসছে। এনআইএলজি স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচিত জনপ্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য যেসব প্রশিক্ষণের আয়োজন করে থাকে তার মধ্যে অন্যতম হচ্ছে- পৌর নির্বাহী কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ সচিব, হিসাব সহকারি কাম-কম্পিউটার অপারেটর ও ইউনিয়ন পরিষদ গ্রামপুলিশ বাহিনীর জন্য বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, নির্বাচিত জন প্রতিনিধিদের জন্য মৌলিক/অবহিতকরণ কোর্স, রিফ্রেশার্স কোর্স, প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) কোর্স, চাহিদা ভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ কোর্স ইত্যাদি। এসব প্রশিক্ষণের মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচিত জনপ্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীগণ তাদের মেধা ও দক্ষতাকে আরো শাণিত করার সুযোগ পায়। এনআইএলজি সেই লক্ষ্যে দক্ষ প্রশিক্ষকদের মাধ্যমে এধরনের প্রশিক্ষণের আয়োজন করে থাকে।

এনআইএলজি ইতোমধ্যে মন্ত্রণালয়ের অনুমোদনের মাধ্যমে জেলা পর্যায়ে ১৪ সদস্য বিশিষ্ট জেলা রিসোর্স টিম (ডিআরটি) এবং উপজেলা পর্যায়ে ১২ সদস্য বিশিষ্ট উপজেলা রিসোর্স টিম (ইউআরটি) গঠন করেছে। এ দু'টি টিমের মূল উদ্দেশ্য এনআইএলজি থেকে মাঠ পর্যায়ে আয়োজিত সকল প্রশিক্ষণ কোর্স সফলভাবে বাস্তবায়ন করা ও এনআইএলজিকে সার্বিক সহয়োগিতা প্রদান। ইতোমধ্যে দুটি টিম যথাযথভাবে এনআইএলজি কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কোর্সগুলো সফলতার সাথে বাস্তবায়ন করছে। এছাড়া বিভাগী পর্যায়ে জেলা পরিষদের জনপ্রতিনিধিগণের প্রশিক্ষণ আয়োজনে বিভাগীয় কমিশনার ও পরিচালক, স্থানীয় সরকার বিভিন্ন সময় এনআইএলজি এর প্রশিক্ষণ বাস্তবায়ন কাজে সহযোগিতা প্রদান করে থাকে।

**১.১ সারসংক্ষেপ:**

প্রতিবেদনটিতে ২০২৩-২০২৪ অর্থ বছরের বাস্তবায়িত প্রশিক্ষণের মধ্যে যেসব প্রশিক্ষণের মূল্যায়ন ফলাফল জানুয়ারি-জুন, ২০২৪ মাসের মধ্যে কর্মসূচি ও মূল্যায়ন বিভাগে জমা হয়েছে সেসব প্রশিক্ষণ কোর্সগুলোর প্রশিক্ষণ পূর্ব ও পরবর্তী মূল্যায়ন ও কোর্স মূল্যায়ন ফলাফল যুক্ত করা হয়েছে। বাস্তবায়িত কোর্সগুলো হলো- (১) ইউনিয়ন পরিষদ সচিবগণের 'বুনিয়াদি' প্রশিক্ষণ (২) ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের 'বুনিয়াদি' প্রশিক্ষণ (৩) ইউনিয়ন পরিষদ গ্রামপুলিশ বাহিনীর জন্য 'বুনিয়াদি' প্রশিক্ষণ (৪) ইউনিয়ন পরিষদ সচিবগণের বুনিয়াদি 'রিফ্রেসার্স' কোর্স (৫) ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী-কাম কম্পিউটার অপারেটরগণের 'প্রশাসন ও আর্থিক ব্যবস্থাপনা' প্রশিক্ষণ (৬) পৌর নির্বাহী কর্মকর্তাগণের 'বুনিয়াদি' প্রশিক্ষণ কোর্স (৭) পৌরসভার মেয়র, কাউন্সিলর ও পৌর নির্বাহী কর্মকর্তাগণের 'পৌরসভার সম্পদ আহরণ ও নাগরিক অংশগ্রহণ' প্রশিক্ষণ (৮) পৌরসভার মেয়র ও পৌর নির্বাহী কর্মকর্তাগণের 'আর্থিক ব্যবস্থাপনা' কোর্স (৯) জেলা পরিষদ সদস্যদের জন্য 'জেলা পরিষদ সম্পর্কিত' প্রশিক্ষণ কোর্স (১০) সিটি কর্পোরেশনের কাউন্সিলর এবং কর্মকর্তাগণের জন্য 'সিটি কর্পোরেশন সম্পর্কিত অবহিতকরণ' প্রশিক্ষণ (১১) উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি) এবং উপজেলা পরিষদের কর্মচারীদের জন্য 'আর্থিক ও প্রশাসন ব্যবস্থাপনা' কোর্স (১২) ইউনিয়ন পরিষদ 'গ্রামপুলিশ বাহিনীর দায়িত্ব ও কার্যাবলী' প্রশিক্ষণ (১৩) উপজেলা রিসোর্স টিম (ইউআরটি) সদস্যগণের 'প্রশিক্ষক প্রশিক্ষণ' (১৪) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সদস্য, সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের জন্য 'সম্পদ আহরণ ও বাজেট ব্যবস্থাপনা' প্রশিক্ষণ (১৫) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের জন্য 'সুশাসন বিষয়ক' প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়েছে।

উল্লিখিত কোর্সগুলোর মধ্য থেকে যে সকল কোর্সের মূল্যায়ন ফলাফল কর্মসূচি ও মূল্যায়ন বিভাগে জানুয়ারি-জুন ২০২৪ মাসের মধ্যে দাখিল করা হয়েছে ঐসকল ফলাফলের ভিত্তিতে প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। এদের মধ্যে রয়েছে- (১) ইউনিয়ন পরিষদ সচিবগণের 'বুনিয়াদি' প্রশিক্ষণ ১টি ব্যাচ (২) ইউনিয়ন পরিষদ গ্রামপুলিশ বাহিনীর 'বুনিয়াদি' প্রশিক্ষণ ১১টি ব্যাচ (৩) ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের 'বুনিয়াদি' প্রশিক্ষণ ৩টি ব্যাচ (৪) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সদস্য, সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের জন্য 'স্থানীয় সম্পদ আহরণ ও বাজেট ব্যবস্থাপনা' প্রশিক্ষণ ২৯টি ব্যাচ (৫) পৌরসভার মেয়র, কাউন্সিলর ও পৌর নির্বাহী কর্মকর্তাগণের 'পৌরসভার সম্পদ আহরণ ও নাগরিক অংশগ্রহণ' প্রশিক্ষণ ২টি ব্যাচ (৬) জেলা পরিষদ সদস্যগণের জন্য আয়োজিত 'জেলা পরিষদ সম্পর্কিত' প্রশিক্ষণ কোর্স ২টি ব্যাচ (৭) উপজেলা রিসোর্স টিম

(ইউআরটি) সদস্যগণের 'প্রশিক্ষক প্রশিক্ষণ' ২টি ব্যাচ (৯) ইউনিয়ন পরিষদ গ্রাম পুলিশগণের 'গ্রামপুলিশের দায়িত্ব ও কার্যাবলী কোর্স ২৯টি ব্যাচ। প্রাপ্ত মোট ৭৯টি ব্যাচ থেকে ৩০৬২ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ পূর্ব ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল এবং কোর্স মূল্যায়ন ফলাফলের উপর প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

প্রশিক্ষণ পূর্ব ও প্রশিক্ষণ পরবর্তী সামগ্রিক মূল্যায়ন ফলাফল বিশ্লেষণে দেখা যায় প্রাপ্ত ফলাফলে অধিকাংশ প্রশিক্ষণার্থীগণের বিষয়ভিত্তিক আলোচনায় জ্ঞান ও প্রশ্ন উত্তর দানের দক্ষতা বৃদ্ধি পেয়েছে। প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় গড়ে সর্বনিম্ন নাম্বার প্রাপ্তির শতকরা হার ছিল ৫৫% যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফলে সর্বনিম্ন নাম্বার প্রাপ্তির শতকরা হার কমে হয়েছে ০৩%। প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন ফলাফলে মধ্য মানের গড় নাম্বার প্রাপ্তির শতকরা হার ছিল ৪৩% যা নিম্নমান থেকে বৃদ্ধি পেয়ে প্রশিক্ষণ পরবর্তী মধ্য মানের নাম্বার প্রাপ্তির শতকরা হার হয়েছে ৬১% এবং প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় নির্ধারিত নাম্বারের মধ্যে গড়ে সর্বোচ্চ নাম্বার প্রাপ্তির হার ছিল ০২% যা পরবর্তী মূল্যায়ন ফলাফলে বৃদ্ধি পেয়ে শতকরা হার ৩৬% হয়েছে। বিশ্লেষণে দেখা যায় ৭৫% প্রশিক্ষণার্থী বাস্তবায়িত কোর্সগুলো তাদের জন্য অত্যন্ত প্রাসঙ্গিক হয়েছে বলে উল্লেখ করেছে। প্রাসঙ্গিক হয়েছে বলেছে ২০% প্রশিক্ষণার্থী এবং মোটামুটি প্রাসঙ্গিক বলেছে মাত্র ০৫% প্রশিক্ষণার্থী। এর মাধ্যমে স্পষ্ট যে এনআইএলজি'র প্রশিক্ষণের মাধ্যমে আলোচ্য বিষয়গুলো প্রশিক্ষণার্থীগণের জন্য অত্যন্ত প্রাসঙ্গিক ছিল। ৮১% প্রশিক্ষণার্থী প্রশিক্ষণে অংশগ্রহণ তাদের জন্য খুবই সহায়ক হয়েছে বলে উল্লেখ করেছে। সহায়ক হয়েছে বলেছে ১৬% প্রশিক্ষণার্থী এবং মোটামুটি সহায়ক বলেছে মাত্র ০৩% প্রশিক্ষণার্থী। ফলে বলা যায় প্রশিক্ষণ প্রশিক্ষণার্থীগণের দাপ্তরিক দায়িত্ব পালনে সহায়ক হচ্ছে। ৭৭% প্রশিক্ষণার্থী প্রশিক্ষণটি তাদের পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তে খুবই সহায়ক হয়েছে বলে উল্লেখ করেছে। সহায়ক হয়েছে বলেছে ১৭% প্রশিক্ষণার্থী এবং মোটামুটি সহায়ক বলেছে মাত্র ০৬% প্রশিক্ষণার্থী। এর মাধ্যমে স্পষ্ট যে এনআইএলজি'র প্রশিক্ষণের ফলে প্রশিক্ষণার্থীগণের পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে সহায়ক হচ্ছে।

**ভবিষ্যতে কোর্সগুলোতে যেসব বিষয় অন্তর্ভুক্ত করার সুপারিশ করা হয়েছে:**

**জেলা পরিষদ সদস্যগণের জন্য 'জেলা পরিষদ সম্পর্কিত অবহিতকরণ প্রশিক্ষণ' কোর্স**

- জেলা পরিষদ তহবিল গঠন ও বাজেট প্রণয়ন;
- সরকারি ক্রয় ব্যবস্থাপনা;
- জেলা পরিষদের সদস্যগণের দায়িত্ব, কর্তব্য ও প্রাধিকার; এবং
- SDG (Sustainable Development Goal)

**পৌরসভার মেয়র, কাউন্সিলর ও পৌর নির্বাহী কর্মকর্তাগণের জন্য 'পৌরসভা সম্পদ আহরণ ও নাগরিক অংশগ্রহন' বিষয়ক প্রশিক্ষণ**

- আর্থিক ব্যবস্থাপনা;
- বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়া;
- পরিবেশ এবং সামাজিক নিরাপত্তা;

**উপজেলা রিসোর্স টিম (ইউআরটি) সদস্যগণের 'প্রশিক্ষক প্রশিক্ষণ' কোর্স**

- প্রশিক্ষণ কোর্সের মেয়াদ কমপক্ষে ২ দিন করা যেতে পারে।
- সম্পদ আহরণ ও বাজেট প্রণয়ন সেশন প্রাকটিক্যাল হলে ভাল হবে।

**ইউপি চেয়ারম্যান, সদস্য, সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের 'সম্পদ আহারণ ও বাজেট ব্যবস্থাপনা' প্রশিক্ষণ**

- গ্রাম আদালত বিষয়টি যুক্ত করা যেতে পারে;
- ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করে সেবা প্রদান প্রক্রিয়া অধিক আলোচনা প্রয়োজন;
- ক্যাশবই ও বিভিন্ন রেজিস্টার লিখন অনুশীলন সেশন প্রয়োজন;
- বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন অনুশীলন এবং এ বিষয়ে দীর্ঘ সময় দেয়া প্রয়োজন;

- প্রশিক্ষণের মেয়াদ ২ দিনের পরিবর্তে ৫ দিন করা প্রয়োজন;
- প্রশিক্ষণের ১ দিন অন্য ইউনিয়নে পারস্পরিক শিখন রাখা;

**ইউনিয়ন পরিষদ সচিবগণের 'বুনিয়াদি প্রশিক্ষণ'**

- ব্যবহারিক ক্লাস আরও বেশি অন্তর্ভুক্ত করা প্রয়োজন।
- কম্পিউটারে আরও প্রশিক্ষণ দরকার মনে করেন।

**ইউনিয়ন পরিষদ সচিবগণের 'বুনিয়াদি রিফ্রেসার্স' কোর্স**

- নৈতিকতা বিষয়ক ক্লাস বৃদ্ধি করা প্রয়োজন।
- স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কৌশল বিস্তারিত আলোচনা হতে পারে।
- ক্রয় সংক্রান্ত আইন ও বিধিমালা বিস্তারিত আলোচনা প্রয়োজন।

**ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের 'বুনিয়াদি প্রশিক্ষণ'**

- গ্রাম আদালত বিষয়ে বিশেষ করে পেশকারের কার্যক্রম হাতে কলমে প্রশিক্ষণ প্রদান।
- সকল বিষয়ে লেকচার ক্লাস কমিয়ে অনুশীলন ক্লাস বৃদ্ধি করতে হবে।
- বিভিন্ন ফাইল, রেজিস্টার, গ্রাম আদালত ডকুমেন্ট, বাজেট, হিসাব ও কর নির্ধারণ বিষয়গুলো হাতে কলমে প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে।

**ইউনিয়ন পরিষদ 'গ্রাম পুলিশ বাহিনীর দায়িত্ব ও কার্যাবলী' প্রশিক্ষণ কোর্স**

- প্রশিক্ষণের মেয়াদ ৩ দিনের পরিবর্তে ৭-১০ দিন বৃদ্ধি করা যেতে পারে।
- দুপুরে খাবারের ব্যবস্থা করা যেতে পারে।
- প্রশিক্ষনের ফাঁকে ফাঁকে বিনোদনের ব্যবস্থা থাকতে পারে।
- প্রশিক্ষণে আগ্রহী হওয়ার জন্য প্রতিযোগিতামূলক পরীক্ষায় পুরস্কারের ব্যবস্থা থাকতে পারে।

**ইউনিয়ন পরিষদ গ্রামপুলিশ বাহিনীর জন্য 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স**

- কারিগরী ও আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে।
- অধিকাংশ বিষয় হাতে কলমে অনুশীলন করানো হলে মনে রাখতে সুবিধা হবে।
- পারস্পারিক শীক্ষণ নিজ উপজেলা বা জেলার বাহিরে হলে ভাল হত।

**আবাসন ব্যবস্থা**

**এনআইএলজি**

- বেডশিট, বালিশ কভার এক সপ্তাহ পর পর পরিবর্তন করা প্রয়োজন।
- রুমগুলো এসি থাকলে ভালো হতো।
- আবাসন ব্যবস্থাদি সম্পর্কে মতামত প্রদানের ক্ষেত্রে প্রশিক্ষণার্থীগণ সন্তোষজনক ও খুবই ভালো বলে মতামত প্রকাশ করেছেন। তবে ফিডব্যাক হিসেবে রুমগুলোতে এসি এর ব্যবস্থা করা হলো প্রশিক্ষণার্থীগণের জন্য আরামদায়ক হবে বলে উল্লেখ করেন।

**মাঠপর্যায়**

- বরাদ্দকৃত আবাসন ভাতা অপ্রতুল ছিল। ভবিষ্যতে আবাসন ভাতা বাড়ানো যেতে পারে।
- কোর্সটি আবাসিক ছিল। কিন্তু উপজেলা পর্যায়ে এক সাথে অধিক লোকের আবাসনের পর্যাপ্ত ব্যবস্থা নেই যা আছে তা মান সম্পন্ন নয়। প্রশিক্ষণ কোর্সটি নির্দিষ্ট কোনো প্রশিক্ষণ ইনস্টিটিউট এর ভেন্যুতে হলে ভাল হত।

**ডাইনিং ব্যবস্থাপনা**

- এনআইএলজি এর ডাইনিং ব্যবস্থা ভালো ছিল।
- হ্যান্ডওয়াশ সব সময় রাখার ব্যবস্থা করা প্রয়োজন।
- এনআইএলজি এর ডাইনিং (ডাইনিং-১) এ এসির ব্যবস্থা করা।

# দ্বিতীয় অধ্যায়

## জেলা পরিষদ সম্পর্কিত অবহিতকরণ প্রশিক্ষণ কোর্স

### ২. জেলা পরিষদ সদস্যগণের জন্য 'জেলা পরিষদ সম্পর্কিত অবহিতকরণ প্রশিক্ষণ' কোর্স

**২.১ কোর্স সম্পর্কে ধারণা:** জেলা পরিষদ সদস্যগণের জন্য 'জেলা পরিষদ সম্পর্কিত অবহিতকরণ' শীর্ষক প্রশিক্ষণ কোর্স ২টি চট্টগ্রাম ও রংপুর বিভাগে সম্পন্ন হয়েছে। দুটি ব্যাচে মোট ১২৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। কোর্সটি বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনার এর কার্যালয়ে বাস্তবায়ন করা হয়েছে। কোর্স দুটিতে ৮৬ জন পুরুষ সদস্য ও ৩৯ জন নারী সদস্য অংশগ্রহণ করেন। কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের ২৫ নাম্বারের একই প্রশ্নপত্রের মাধ্যমে প্রশিক্ষণ পূর্ববর্তী ও পরবর্তী মূল্যায়ন পরীক্ষা গ্রহণ করা হয়। এছাড়া প্রশিক্ষণার্থীগণের মাধ্যমে কোর্স মূল্যায়ন করা হয়। সকল মূল্যায়ন ফলাফল ধারাবাহিকভাবে নিম্নে আলোচনা করা হলো।

**সারণী-১: প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল:**


| প্রাপ্ত নম্বর | | প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন | | প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন | |
|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নম্বর | নম্বরের শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পূর্ব) | প্রশিক্ষণার্থীর শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পরবর্তী) | প্রশিক্ষণার্থীর শতকরা হার |
| ০১-০৫ | ০৪-২০ | - | - | - | - |
| ০৬-১০ | ২৪-৪০ | ৩১ | ২৫% | - | - |
| ১১-১৫ | ৪৪-৬০ | ৪৩ | ৩৪% | - | - |
| ১৬-২০ | ৬৪-৮০ | ৩২ | ২৬% | ৫৯ | ৪৭% |
| ২১-২৫ | ৮৪-১০০ | ১৯ | ১৫% | ৬৬ | ৫৩% |
| | | ১২৫ | ১০০% | ১২৫ | ১০০% |

সারণী-১ পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ১২৫ জন অংশগ্রহণ করেছেন। ১২৫ জনের মধ্যে প্রশিক্ষণ পূর্ব মূল্যায়ন পরীক্ষায় ০১-০৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ০ জন (০%)। ০৬-১০ নাম্বার পেয়েছেন ৩১ জন (২৫%)। ১১-১৫ নাম্বার পেয়েছেন ৪৩ জন (৩৪%)। ১৬-২০ নাম্বার পেয়েছেন ৩২ জন (২৬%) এবং ২১-২৫ নাম্বার পেয়েছেন ১৯ জন (১৫%)।

অপরদিকে প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ১২৫ জন অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে কেউই ০১-১৫ এর মধ্যে নাম্বার প্রাপ্ত হননি। ১৬-২০ নাম্বার পেয়েছেন ৫৯ জন (৪৭%) এবং ২১-২৫ নাম্বার পেয়েছেন ৬৬ জন (৫৩%)।

**২.২ প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল চার্টের মাধ্যমে তুলনামূলক আলোচনা:** এখানে মোট ২৫ নাম্বারকে তিনটি ভাগে ভাগ করা হয়েছে, যার মধ্যে প্রথম ভাগে ১-১০ নাম্বার, দ্বিতীয় ভাগে ১১-২০ নাম্বার এবং তৃতীয় ভাগে ২১-২৫ নাম্বার। উক্ত নাম্বারের ভিত্তিতে প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী প্রাপ্ত নাম্বার প্রাপ্তির হার বিভাজন করে আলোচনা করা হয়েছে। যা নিম্নরূপ-

**চার্ট-১: প্রশিক্ষণ পূর্ব ও পরবর্তী মূল্যায়ন**




চার্ট-১ বিশ্লেষণে দেখা যায়, ১২৫ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ করেছে। এদের মধ্যে ১-১০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩১ জন (২৫%)। ১১-২০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৭৫ জন (৬০%) এবং ২১-২৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ১৯ জন (১৫%)।

অপরদিকে প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ১২৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছে। এদের মধ্যে ১-১০ নাম্বার কোন প্রশিক্ষণার্থীই প্রাপ্ত হননি। ১১-২০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৫৯ জন (৪৭%) এবং ২১-২৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৬৬ জন (৫৩%)।

সার্বিক পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ১-১০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ছিল ৩১ জন (২৫%); যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় কমে হয়েছে ০ জন (০%)। পূর্ব মূল্যায়ন পরীক্ষায় ১১-২০ নাম্বার প্রাপ্তির সংখ্যা ছিল ৭৫ জন (৬০%); যা পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় হয়েছে ৬০ জন (৪৭%)। অপরদিকে নাম্বার বেশি প্রাপ্তির সংখ্যা অর্থাৎ ২১-২৫; প্রশিক্ষণ পূর্ববর্তী পরীক্ষায় ছিল ১৯ জন (১৫%); যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় বৃদ্ধি পেয়ে হয়েছে ৬৬ জন (৫৩%)। এতে প্রমানিত হয় যে, প্রশিক্ষণ পূর্বের চেয়ে প্রশিক্ষণ পরবর্তী প্রশিক্ষণার্থীগণের জ্ঞান বা প্রশ্ন উত্তর দানের দক্ষতা বৃদ্ধি পেয়েছে।

**২.৩ কোর্স মূল্যায়ন:** প্রশিক্ষণ কোর্সের প্রাসঙ্গিকতা, দাপ্তরিক দায়িত্ব পালনে উপযোগিতা এবং পেশাগত দায়িত্ব ও দৃষ্টিভঙ্গী পরিবর্তন সম্পর্কিত মূল্যায়ন

**সারণী-২: কোর্সের বিষয়বস্তু দায়িত্বপালনে কতটুকু প্রাসঙ্গিক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| অত্যন্ত প্রাসঙ্গিক | ১০৬ | ৮৫ |
| প্রাসঙ্গিক | ১৯ | ১৫ |
| মোটামুটি প্রাসঙ্গিক | ০০ | ০০ |

সারণী-২ বিশ্লেষণে দেখা যায়, কোর্সের বিষয়বস্তু তাদের জন্য অত্যন্ত প্রাসঙ্গিক ছিল বলেছেন ১০৬ জন (৮৫%), প্রাসঙ্গিক বলেছেন ১৯ জন (১৫%) এবং মোটামুটি প্রাসঙ্গিক কেউ বলেননি।

**সারণী-৩: কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ১১৫ | ৯২ |
| সহায়ক | ১০ | ০৮ |
| মোটামুটি সহায়ক | ০০ | ০০ |

সারণী-৩ বিশ্লেষণে দেখা যায়, কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছে ১১৫ জন (৯২%), সহায়ক হয়েছে বলেছেন ১০ জন (০৮%) এবং মোটামুটি সহায়ক কেউ উল্লেখ করেননি।

**সারণী-৪: প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ৮৬ | ৬৯ |
| সহায়ক | ৩০ | ২৪ |
| মোটামুটি সহায়ক | ০৯ | ০৭ |

সারণী-৪ বিশ্লেষণে দেখা যায়, প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছেন ৮৬ জন (৬৯%)। সহায়ক বলেছেন ৩০ জন (২৪%) এবং মোটামুটি সহায়ক বলেছেন ০৯ জন (০৭%)।

**২.৪ ভবিষ্যতে এ ধরণের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায়:**

- জেলা পরিষদ তহবিল গঠন ও বাজেট প্রণয়ন;
- সরকারি ক্রয় ব্যবস্থাপনা;
- জেলা পরিষদের সদস্যগণের দায়িত্ব, কর্তব্য ও প্রাধিকার; এবং
- SDG (Sustainable Development Goal)

**২.৫ আবাসন ব্যবস্থা:**

- বরাদ্দকৃত আবাসন ভাতা অপ্রতুল ছিল। ভবিষ্যতে আবাসন ভাতা বাড়ানো যেতে পারে।

**২.৬ কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা সর্ম্পকে মতামত:**

- প্রশিক্ষণ কোর্সটি খুবই সুন্দর ও সুশৃঙ্খলভাবে সমাপ্ত হয়েছে। প্রতিটি অধিবেশন অত্যন্ত মানসম্মত হয়েছে। প্রশিক্ষণের জন্য ব্যবহৃত কনফারেন্স রুম, প্রযুক্তির ব্যবহার যথাযথ হয়েছে। কোর্স পরিচালনার সার্বিক ব্যবস্থাপনা ভালো ছিল।

# তৃতীয় অধ্যায়

## পৌরসভার সম্পদ আহরণ ও নাগরিক অংশগ্রহণ

**৩. পৌরসভার মেয়র, কাউন্সিলর ও পৌর নির্বাহী কর্মকর্তাগণের জন্য 'পৌরসভা সম্পদ আহরণ ও নাগরিক অংশগ্রহন' বিষয়ক প্রশিক্ষণ**

**৩.১ কোর্স সম্পর্কে ধারণা:** পৌরসভার মেয়র, কাউন্সিলর ও পৌর নির্বাহী কর্মকর্তাগণের জন্য দেশের বিভিন্ন জেলায় পৌরসভা সম্পদ আহরণ ও নাগরিক অংশগ্রহণ বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণের মধ্যে খাগড়াছড়ি ও নওগাঁ জেলার ৬টি পৌরসভার ৬ জন মেয়র ও ৭২ জন কাউন্সিলর ও ৫ জন পৌর নির্বাহী কর্তকর্তাসহ মোট ৮৩জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণকে ২৫ নাম্বারের একই প্রশ্নপত্রে প্রশিক্ষণ পূর্ব ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন করা হয়। ফলাফল নিম্নরূপ:

**সারণী-৫: প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল:**


| প্রাপ্ত নাম্বার | | প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন | | প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন | |
|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নাম্বার | নাম্বারের শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রশিক্ষণার্থীর শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রশিক্ষণার্থীর শতকরা হার |
| ০১-০৫ | ০৪-২০ | ১০ | ১২ | ০ | ০ |
| ০৬-১০ | ২৪-৪০ | ২০ | ২৪ | ০৫ | ০৬ |
| ১১-১৫ | ৪৪-৬০ | ৩৯ | ৪৭ | ১০ | ১২ |
| ১৬-২০ | ৬৪-৮০ | ১৪ | ১৭ | ১৫ | ১৮ |
| ২১-২৫ | ৮৪-১০০ | ০ | ০ | ৫৩ | ৬৪ |
| | | ৮৩ | ১০০ | ৮৩ | ১০০ |

সারণী-৫ বিশ্লেষণের দেখা যায়, মোট ৮৩ জন প্রশিক্ষণার্থীর মধ্যে প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ০১-০৫ নাম্বার পেয়েছে ১০ জন (১২%)। ০৬-১০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ২০ জন (২৪%)। ১১-১৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩৯ জন (৪৭%) এবং ১৬-২০ নাম্বার পেয়েছে ১৪ জন (১৭%) এবং ২১-২৫ নাম্বার কোন প্রশিক্ষণার্থী প্রাপ্ত হননি।

অপরদিকে প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ৮৩ জন অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে কেউই ০১-০৫ এর মধ্যে নাম্বার পাননি। ০৬-১০ এর মধ্যে নাম্বার পেয়েছে ০৫ জন (০৬%)। ১১-১৫ নাম্বার পেয়েছেন ১০ জন (১২%)। ১৬-২০ নাম্বার পেয়েছেন ১৫ জন (১৮%) এবং ২১-২৫ নাম্বার পেয়েছেন ৫৩ জন (৬৪%)।

**৩.২ প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল চাটের মাধ্যমে তুলনামূলক আলোচনা:** এখানে মোট ২৫ নাম্বারকে তিনটি ভাগে ভাগ করা হয়েছে, যার মধ্যে প্রথম ভাগে ১-১০ নাম্বার, দ্বিতীয় ভাগে ১১-২০ নাম্বার এবং তৃতীয় ভাগে ২১-২৫ নাম্বার। উক্ত নাম্বারের ভিত্তিতে প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী প্রাপ্ত নাম্বার প্রাপ্তির হার বিভাজন করে আলোচনা করা হয়েছে। যা নিম্নরূপ-

**চার্ট-২: প্রশিক্ষণ পূর্ব ও পরবর্তী মূল্যায়ন**




| | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পূর্ব) | প্রশিক্ষণার্থীর শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পরবর্তী) | প্রশিক্ষণার্থীর শতকরা হার |
|---|---|---|---|---|
| ০১-১০ | ৩০ | ৩৬ | ৫ | ৬ |
| ১১-২০ | ৫৩ | ৬৪ | ২৫ | ৩০ |
| ২১-২৫ | ০ | ০ | ৫৩ | ৬৪ |

চার্ট-২ বিশ্লেষণে দেখা যায়, ৮৩ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ করেছে। এদের মধ্যে ১-১০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩০ জন (৩৬%) এবং ১১-২০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৫৩ জন (৬৪%)। তবে ২১-২৫ নাম্বার কোন প্রশিক্ষণার্থী প্রাপ্ত হননি।

অপরদিকে প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ৮৩ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছে। এদের মধ্যে ১-১০ এর মধ্যে নাম্বার পেয়েছে ০৫ জন (০৬%)। ১১-২০ এর মধ্যে নাম্বার পেয়েছে ২৫ জন (৩০%) এবং ২১-২৫ নাম্বার এর মধ্যে নাম্বার পেয়েছেন ৫৩ জন (৬৪%)।

সার্বিক পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ১-১০ নাম্বার প্রাপ্তির সংখ্যা ছিল ৩০ জন (৩৬%); যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় কমে হয়েছে ০৫ জন (০৬%)। পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ১১-২০ নাম্বার প্রাপ্ত হয়েছে ৫৩ জন (৬৪%) যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় কমে হয়েছে ২৫ জন (৩০%) এবং পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ২১-২৫ নাম্বার কোন প্রশিক্ষণার্থী প্রাপ্ত না হলেও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ৫৩ জন (৬৪%) নাম্বার প্রাপ্ত হয়েছেন। এতে প্রমানিত হয় যে, প্রশিক্ষণ পূর্বের চেয়ে প্রশিক্ষণ পরবর্তী প্রশিক্ষণার্থীগণের জ্ঞান বা প্রশ্ন উত্তর দানের দক্ষতা বৃদ্ধি পেয়েছে।

**৩.৩ কোর্স মূল্যায়ন:** প্রশিক্ষণ কোর্সের প্রাসঙ্গিকতা, দাপ্তরিক দায়িত্ব পালনে উপযোগিতা এবং পেশাগত দায়িত্ব ও দৃষ্টিভঙ্গী পরিবর্তন সম্পর্কিত মূল্যায়ন

**সারণী-৬: কোর্সের বিষয়বস্তু দায়িত্বপালনে কতটুকু প্রাসঙ্গিক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| অত্যন্ত প্রাসঙ্গিক | ৪২ | ৫১ |
| প্রাসঙ্গিক | ৩৬ | ৪৩ |
| মোটামুটি প্রাসঙ্গিক | ০৫ | ০৬ |

সারণী-৬ বিশ্লেষণে দেখা যায়, কোর্সের বিষয়বস্তু তাদের জন্য অত্যন্ত প্রাসঙ্গিক ছিল বলেছেন ৪২ জন (৫১%), প্রাসঙ্গিক বলেছেন ৩৬ জন (৪৩%) এবং মোটামুটি প্রাসঙ্গিক বলেছেন ০৫ জন (০৬%)।

**সারণী-৭: কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ৫৫ | ৬৬ |
| সহায়ক | ২৪ | ২৯ |
| মোটামুটি সহায়ক | ০৪ | ০৫ |

সারণী-৭ বিশ্লেষণে দেখা যায়, কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছে ৫৫ জন (৬৬%), সহায়ক হয়েছে বলেছেন ২৪ জন (২৯%) এবং মোটামুটি সহায়ক বলেছেন ০৪ জন (০৫%)।

**সারণী-৮: প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ৪৭ | ৫৭ |
| সহায়ক | ৩১ | ৩৭ |
| মোটামুটি সহায়ক | ০৫ | ০৬ |

সারণী-৮ বিশ্লেষণে দেখা যায়, প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছেন ৪৭ জন (৫৭%)। সহায়ক বলেছেন ৩১ জন (৩৭%) এবং মোটামুটি সহায়ক বলেছেন ০৫ জন (০৬%)।

**৩.৪ ভবিষ্যতে এ ধরণের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায়:**

- আর্থিক ব্যবস্থাপনা;
- বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়া;
- পরিবেশ এবং সামাজিক নিরাপত্তা;

**৩.৫ আবাসন ব্যবস্থাপনা সম্পর্কে মতামত:**

- আবাসন খাতে বরাদ্দ বৃদ্ধি করা হলে ভালো হয়

**৩.৬ কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা সর্ম্পকে মতামত**

- প্রশিক্ষণ কোর্সটি সময়োপযোগী এবং কার্যকর প্রশিক্ষণ ছিল।

# চতুর্থ অধ্যায়

## উপজেলা রিসোর্স টিম (ইউআরটি) সদস্যগণের 'প্রশিক্ষক প্রশিক্ষণ' কোর্স

### ৪. উপজেলা রিসোর্স টিম (ইউআরটি) সদস্যগণের 'প্রশিক্ষক প্রশিক্ষণ' কোর্স

**৪.১ কোর্স সম্পর্কে বিস্তারিত:** স্থানীয় সম্পদ আহরণ ও বাজেট ব্যবস্থাপনা বিষয় প্রশিক্ষণ কোর্স উপজেলা পর্যায়ে বাস্তবায়নে সুবিধার্থে উপজেলা রিসোর্স টিম (ইউআরটি) সদস্যগণের জন্য ১ (এক) দিন ব্যাপি প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে। প্রশিক্ষণটি জেলা পর্যায়ে জেলা রিসোর্স টিমের (ডিআরটি) সহযোগিতায় বাস্তবায়ন করা হয়েছে। বাস্তবায়িত প্রশিক্ষণগুলোর মধ্যে ২টি জেলা (মৌলভীবাজার ও ফেনী) থেকে ২টি প্রশিক্ষণের প্রশিক্ষণ পূর্ব ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল ও কোর্স মূল্যায়ন ফলাফল পাওয়া গেছে। দুটি কোর্সে ৩৯ জন ইউআরটি সদস্য প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন। প্রাপ্ত মতামতগুলো নিম্নে উপস্থাপন করা হলোঃ

**সারণী-৯: প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল:**


| প্রাপ্ত নাম্বার | | প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন | | প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন | |
|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নাম্বার | নাম্বারের শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পূর্ব) | প্রশিক্ষণার্থীর শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পরবর্তী) | প্রশিক্ষণার্থীর শতকরা হার |
| ০১-০৫ | ০৪-২০ | ০৫ | ১৩ | ০০ | ০০ |
| ০৬-১০ | ২৪-৪০ | ২০ | ৫১ | ০০ | ০০ |
| ১১-১৫ | ৪৪-৬০ | ১৪ | ৩৬ | ০০ | ০০ |
| ১৬-২০ | ৬৪-৮০ | ০০ | ০০ | ২১ | ৫৪ |
| ২১-২৫ | ৮৪-১০০ | ০০ | ০০ | ১৮ | ৪৬ |
| | | ৩৯ | ১০০ | ৩৯ | ১০০ |

সারণী-৯ পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ৩৯ জন অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে ০১-০৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ০৫ জন (১৩%)। ০৬-১০ নাম্বার পেয়েছেন ২০ জন (৫১%)। ১১-১৫ নাম্বার পেয়েছেন ১৪ জন (৩৬%) এবং ১৬-২৫ এর মধ্যে কেউই নাম্বার প্রাপ্ত হননি।

অপরদিকে প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ৩৯ জন অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে ০১-১৫ এর মধ্যে নাম্বার পেয়েছে ০ জন (০%) । ১৬-২০ নাম্বার পেয়েছেন ২১ জন (৫৪%) এবং ২১-২৫ নাম্বার পেয়েছেন ১৮ জন (৪৬%)।

**৪.১.২ প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল চার্টের মাধ্যমে তুলনামূলক আলোচনা:** এখানে মোট ২৫ নাম্বারকে তিনটি ভাগে ভাগ করা হয়েছে, যার মধ্যে ১-১০ নাম্বারকে একটি, দ্বিতীয় হচ্ছে ১১-২০ এবং তৃতীয়টি ২১-২৫ নাম্বার। উক্ত নাম্বারের ভিত্তিতে প্রশিক্ষণ পূর্ববর্তী ও পরবর্তী প্রাপ্ত নাম্বার প্রাপ্তির হার বিভাজন করে আলোচনা করা হয়েছে। যা নিম্নরূপ-

**চার্ট-৩: প্রশিক্ষণ পূর্ব ও পরবর্তী মূল্যায়ন**




চার্ট-৩ বিশ্লেষণে দেখা যায়, ৩৯ জন প্রশিক্ষণার্থীর মধ্যে প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়নে ১-১০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ২৫ জন (৬৪%)। ১১-২০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থী সংখ্যা ১৪ জন (৩৬%) এবং ২১-২৫ নাম্বারের মধ্যে কেউই নাম্বার প্রাপ্ত হননি।

অপরদিকে প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ৩৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে ১-১০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ০০ জন (০০%)। ১১-২০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ২১ জন (৫৪%) এবং ২১-২৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ১৮ জন (৪৬%)।

সার্বিক পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ১-১০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ছিল ২৫ জন (৬৪%); যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় কমে হয়েছে ০০ জন (০০%)। প্রশিক্ষণ পূর্ব মূল্যায়নে ১১-২০ নাম্বার প্রাপ্তির সংখ্যা ছিল ১৪ জন (৩৬%); যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নে বৃদ্ধি পেয়ে হয়েছে ২১ জন (৫৪%) এবং দেখা যায় প্রশিক্ষণ পূর্ব মূল্যায়নে ২১-২৫ নাম্বার কেউই প্রাপ্ত হননি কিন্তু প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নে দেখা যায় ১৮ জন (৬৮%) প্রশিক্ষণার্থী নাম্বার পেয়েছেন।

**৪.২. কোর্স মূল্যায়ন:** প্রশিক্ষণ কোর্সের প্রাসঙ্গিকতা, দাপ্তরিক দায়িত্ব পালনে উপযোগিতা এবং পেশাগত দায়িত্ব ও দৃষ্টিভঙ্গী পরিবর্তন সম্পর্কিত মুল্যায়ন

**সারণী-১০: কোর্সের বিষয়বস্তু দায়িত্বপালনে কতটুকু প্রাসঙ্গিক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| অত্যন্ত প্রাসঙ্গিক | ৩৮ | ৯৭ |
| প্রাসঙ্গিক | ০১ | ০৩ |
| মোটামুটি প্রাসঙ্গিক | ০০ | ০০ |

সারণী-১০ বিশ্লেষণে দেখা যায়, কোর্সের বিষয়বস্তু তাদের জন্য অত্যন্ত প্রাসঙ্গিক ছিল বলেছেন ৩৮ জন (৯৭%), প্রাসঙ্গিক বলেছেন ০১ জন (০৩%) এবং মোটামুটি প্রাসঙ্গিক কেউই বলেনি।

**সারণী-১১: কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ১৪ | ৩৬ |
| সহায়ক | ২৫ | ৪৪ |
| মোটামুটি সহায়ক | ০০ | ০০ |

সারণী-১১ বিশ্লেষণে দেখা যায়, কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছে ১৪ জন (৩৬%), সহায়ক হয়েছে বলেছেন ২৫ জন (৪৪%) এবং মোটামুটি সহায়ক কেউই বলেনি।

**৪.৩ ভবিষ্যতে এ ধরনের কোর্সে কী কী বিষয় অন্তর্ভূক্ত করা যায়:**

- প্রশিক্ষণ কোর্সের মেয়াদ ১ দিনের পরিবর্তে কমপক্ষে ২ দিন করা যেতে পারে।
- সম্পদ আহরণ ও বাজেট প্রণয়ন সেশন প্রাকটিক্যাল হলে ভাল হবে।

## পঞ্চম অধ্যায়
## ইউনিয়ন পরিষদ সম্পদ আহারণ ও বাজেট ব্যবস্থাপনা প্রশিক্ষণ

**৫. ইউপি চেয়ারম্যান, সদস্য, সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের 'সম্পদ আহারণ ও বাজেট ব্যবস্থাপনা' প্রশিক্ষণ**

**৫.১ কোর্স সম্পর্কে ধারণা:** কোর্সটি দেশের ৯টি উপজেলা (সুবর্ণচর, বোচাগঞ্জ, সিংগাইর, দেবিদ্বার, লংগদু, নাঙ্গালকোট, সরাইল, কাপ্তাই ও ফটিকছড়ী) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, সদস্য, সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের জন্য ২দিন ব্যাপি বিভিন্ন সময়ে অনুষ্ঠিত হয়। কোর্সটিতে ১৩০৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন যার মধ্যে ২৭৮ নারী এবং ১০২৭ জন পুরুষ অংশগ্রহণ করেছেন। প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণকে ২৫ নাম্বারের একই প্রশ্নপত্রের মাধ্যমে প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন ও পরবর্তী মূল্যায়ন করা হয়েছে। মূল্যায়নের প্রাপ্ত ফলাফল নিম্নে উপস্থাপন করা হলো।

**সারণী-১২: প্রশিক্ষণ পূর্ব ও পরবর্তী মূল্যায়ণ:**


| প্রাপ্ত নাম্বার | | প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন | | প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন | |
|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নাম্বার | নাম্বারের শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পূর্ব) | প্রশিক্ষণার্থীর শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পরবর্তী) | প্রশিক্ষণার্থীর শতকরা হার |
| ০১-০৫ | ০৪-২০ | ১৪৫ | ১১ | ০৬ | .৫ |
| ০৬-১০ | ২৪-৪০ | ৪০৪ | ৩১ | ০৮ | ১ |
| ১১-১৫ | ৪৪-৬০ | ৬৯৬ | ৫৩ | ৩৯৮ | ৩০ |
| ১৬-২০ | ৬৪-৮০ | ৬০ | ০৫ | ৬৯৩ | ৫৩ |
| ২১-২৫ | ৮৪-১০০ | ০ | ০ | ২০০ | ১৫.৫ |
| | | ১৩০৫ | ১০০ | ১৩০৫ | ১০০ |

সারণী-১২ পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ১৩০৫ জন অংশগ্রহণ করেছেন। ১৩০৫ জনের মধ্যে ০১-০৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ১৪৫ জন (১১%)। ০৬-১০ নাম্বার পেয়েছে ৪০৪ জন (৩১%)। ১১-১৫ নাম্বার পেয়েছে ৬৯৬ জন (৫৩%)। ১৬-২৫ নাম্বার পেয়েছেন ৬০ জন (০৫%) প্রশিক্ষনার্থী।

অপরদিকে প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ১৩০৫ জন অংশগ্রহণ করেছে। এদের মধ্যে ০১-০৫ এর মধ্যে নাম্বার পেয়েছে ০৬ জন (০.৫%)। ০৬-১০ নাম্বার পেয়েছে ০৮ জন (০১%)। ১১-১৫ নাম্বার পেয়েছে ৩৯৮ জন (৩০%)। ১৬-২০ নাম্বার পেয়েছে ৬৯৩ জন (৫৩%) এবং ২১-২৫ নাম্বার পেয়েছে ২০০ জন (১৫.৫%)।

**৫.২ প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল চার্টের মাধ্যমে তুলনামূলক আলোচনা:** এখানে মোট ২৫ নাম্বারকে তিনটি ভাগে ভাগ করা হয়েছে, যার মধ্যে ১-১০ নাম্বারকে একটি ভাগ, দ্বিতীয় ভাগে ১১-২০ এবং তৃতীয় ভাগে ২১-২৫ নাম্বার। উক্ত নাম্বারের ভিত্তিতে প্রশিক্ষণ পূর্ববর্তী ও পরবর্তী প্রাপ্ত নাম্বার প্রাপ্তির হার বিভাজন করে আলোচনা করা হয়েছে। যা নিম্নরূপ-

**চার্ট-৪: প্রশিক্ষণ পূর্ব ও পরবর্তী মূল্যায়ন**




চার্ট-৪ বিশ্লেষণে দেখা যায়, ১৩০৫ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ করেছে। এদের মধ্যে ১-১০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৫৪৯ জন (৪২%)। ১১-২০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৭৫৬ জন (৫৮%) এবং ২১-২৫ এর মধ্যে কোনো প্রশিক্ষণার্থী নাম্বার পায়নি।

অপরদিকে প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ১৩০৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছে। এদের মধ্যে ০১-১০ এর মধ্যে নাম্বার পেয়েছে ১৪ জন (০১%)। ১১-২০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ১০৯১ জন (৮৪%) এবং ২১-২৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ২০০ জন (১৫%)।

সার্বিক পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ১-১০ নাম্বার প্রাপ্তির সংখ্যা ছিল ৫৪৯ জন (৪২%) যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় কমে হয়েছে ১৪ জন (০১%)। পূর্ববর্তী মূল্যায়নে ১১-২০ নাম্বার পেয়েছে ৭৫৬ জন (৫৮%) যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় বৃদ্ধি পেয়ে হয়েছে ১০৯১ জন (৮৪%) এবং পূর্ব মূল্যায়নে ২১-২৫ নাম্বার প্রাপ্ত ছিল ০ জন (0%) যা পরবর্তী মূল্যায়নে বৃদ্ধি পেয়ে হয়েছে ২০০ জন (১৫%)। এতে প্রমানিত হয় যে প্রশিক্ষণ পূর্বের চেয়ে প্রশিক্ষণ পরবর্তী প্রশিক্ষণার্থীগণের জ্ঞান বা প্রশ্ন উত্তর দানের দক্ষতা বৃদ্ধি পেয়েছে।

**৫.৩ কোর্স মূল্যায়ন:** প্রশিক্ষণ কোর্সের প্রাসঙ্গিকতা, দাপ্তরিক দায়িত্ব পালনে উপযোগিতা এবং পেশাগত দায়িত্ব ও দৃষ্টিভঙ্গী পরিবর্তন সম্পর্কিত মূল্যায়ন

**সারণী-১৩: কোর্সের বিষয়বস্তু দায়িত্বপালনে কতটুকু প্রাসঙ্গিক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| অত্যন্ত প্রাসঙ্গিক | ৯১৪ | ৭০ |
| প্রাসঙ্গিক | ২৯২ | ২২ |
| মোটামুটি প্রাসঙ্গিক | ৯৯ | ০৮ |

সারণী-১৩ বিশ্লেষণে দেখা যায়, কোর্সের বিষয়বস্তু তাদের জন্য অত্যন্ত প্রাসঙ্গিক ছিল বলেছেন ৯১৪ জন (৭০%), প্রাসঙ্গিক বলেছেন ২৯২ জন (২২%) এবং মোটামুটি প্রাসঙ্গিক বলেছেন ৯৯ জন (০৮%)।

**সারণী-১৪: কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ১০৫৭ | ৮১ |
| সহায়ক | ২১৭ | ১৭ |
| মোটামুটি সহায়ক | ৩১ | ০২ |

সারণী-১৪ কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছে ১০৫৭ জন (৮১%), সহায়ক হয়েছে বলেছেন ২১৭ জন (১৭%) এবং মোটামুটি সহায়ক বলেছেন ৩১ জন (০২%)।

**সারণী-১৫: প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ১০৩১ | ৭৯ |
| সহায়ক | ২০৪ | ১৬ |
| মোটামুটি সহায়ক | ৭০ | ০৫ |

সারণী-১৫ বিশ্লেষণে দেখা যায়, প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছেন ১০৩১ জন (৭৯%)। সহায়ক বলেছেন ২০৪ জন (১৬%) এবং মোটামুটি সহায়ক বলেছেন ৭০ জন (৫%)।

**৫.৪ ভবিষ্যতে এ ধরণের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায়:**

- গ্রাম আদালত বিষয়টি যুক্ত করা যেতে পারে;
- ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করে সেবা প্রদান প্রক্রিয়া অধিক আলোচনা প্রয়োজন;
- ক্যাশবই ও বিভিন্ন রেজিস্টার লিখন অনুশীলন সেশন প্রয়োজন;
- বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন অনুশীলন এবং এ বিষয়ে দীর্ঘ সময় দেয়া প্রয়োজন;
- প্রশিক্ষণের মেয়াদ ৫ দিন করা প্রয়োজন;
- ১ দিন অন্য ইউনিয়নে পারস্পরিক শিখন রাখা;

**৫.৫ আবাসন ব্যবস্থাপনা সম্পর্কে মতামত:** কোর্সটি আবাসিক ছিল। কিন্তু উপজেলা পর্যায়ে এক সাথে অধিক লোকের আবাসনের পর্যাপ্ত ব্যবস্থা নেই। যা আছে তাও মান সম্পন্ন নয়। প্রশিক্ষণটি নির্দিষ্ট কোনো প্রশিক্ষণ ইনস্টিটিউটের ভেন্যুতে হলে ভাল হত।

**৫.৬ কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা সর্ম্পকে মতামত**

- কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা অত্যন্ত মানসম্মত ছিল।
- প্রাণবন্ত আলোচনা হয়েছে। বিষয়ভিত্তিক আলোচনা সুন্দর হয়েছে।
- প্রশিক্ষণের মেয়াদ বৃদ্ধি করে ইউনিয়ন পরিষদে পারস্পরিক শিখন যুক্ত করা হলে আরও ভাল হবে।

# ষষ্ঠ অধ্যায়
## ইউনিয়ন পরিষদ সচিবগণের 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স

### ৬. ইউনিয়ন পরিষদ সচিবগণের 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স

**৬.১ কোর্স সম্পর্কে বিস্তারিত:** ইউনিয়ন পরিষদ সচিবগণের বুনিয়াদি প্রশিক্ষণ গত ১৮ ফেব্রুয়ারি-১৮ মার্চ, ২০২৪ পর্যন্ত ৩০ দিন ব্যাপি ১টি ব্যাচ এনআইএলজিতে অনুষ্ঠিত হয়। এতে মোট ৪১ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন যাদের মধ্যে ৩ জন নারী এবং ৩৮ জন পুরুষ প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন। কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের ৪৫ নাম্বারের একই প্রশ্নপত্রের মাধ্যমে প্রশিক্ষণ পূর্ববর্তী ও পরবর্তী মূল্যায়ন পরীক্ষা ইআরপি সফটওয়্যার ব্যবহার করে গ্রহণ করা হয়। এছাড়া প্রশিক্ষণার্থীগণের মাধ্যমে কোর্স মূল্যায়ন করা হয়। সকল মূল্যায়ন ফলাফল ধারাবাহিকভাবে নিম্নে আলোচনা করা হলো।

**সারণী-১৬: প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল:**


| প্রাপ্ত নাম্বার | | প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন | | প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন | |
|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নাম্বার | নাম্বারের শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রশিক্ষণার্থীর শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রশিক্ষণার্থীর শতকরা হার |
| ০১-০৫ | ০২-১১ | ০৩ | ০৭ | ০০ | ০০ |
| ০৬-১০ | ১৩-২২ | ০৬ | ১৫ | ০০ | ০০ |
| ১১-১৫ | ২৪-৩৩ | ১২ | ২৯ | ০০ | ০০ |
| ১৬-২০ | ৩৬-৪৪ | ১৩ | ৩২ | ০০ | ০০ |
| ২১-২৫ | ৪৭-৫৬ | ০৭ | ১৭ | ০০ | ০০ |
| ২৬-৩০ | ৫৮-৬৭ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ৩১-৩৫ | ৬৯-৭৮ | ০০ | ০০ | ১৭ | ৪১ |
| ৩৬-৪০ | ৮০-৮৯ | ০০ | ০০ | ২৪ | ৫৯ |
| ৪১-৪৫ | ৯১-১০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| | | ৪১ | ১০০ | ৪১ | ১০০ |

সারণী-১৬ পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ৪১ জনের মধ্যে ০১-০৫ নাম্বার পেয়েছেন ৩ জন (০৭%)। ০৬-১০ নাম্বার পেয়েছেন ০৬ জন (১৫%)। ১১-১৫ নাম্বার পেয়েছেন ১২ জন (২৯%)। ১৬-২০ নাম্বার পেয়েছেন ১৩ জন (৩২%)। ২১-২৫ নাম্বার পেয়েছেন ০৭ জন (১৭%) এবং অংশগ্রহণকারীগণের মধ্যে কেউই ২৬-৪৫ এর মধ্যে কোন নাম্বার পায়নি।

অপরদিকে প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ৪১ জনের মধ্যে ০১-৩০ এর মধ্যে কেউই নাম্বার পায়নি। ৩১-৩৫ নাম্বার পেয়েছেন ১৭ জন (৪১%)। ৩৬-৪০ নাম্বার পেয়েছেন ২৪ জন (৫৯%) এবং ৪১-৪৫ নাম্বার কোন প্রশিক্ষণার্থী পায়নি।

**৬.২ প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল চার্টের মাধ্যমে তুলনামূলক আলোচনা:** এখানে মোট ৪৫ নাম্বারকে তিনটি ভাগে ভাগ করা হয়েছে, যার মধ্যে ১-১৫ নাম্বারকে একটি, দ্বিতীয় ভাগ ১৬-৩০ এবং তৃতীয় ভাগ ৩১-৪৫ নাম্বার। উক্ত নাম্বারের ভিত্তিতে প্রশিক্ষণ পূর্ববর্তী ও পরবর্তী প্রাপ্ত নাম্বার প্রাপ্তির হার বিভাজন করে আলোচনা করা হয়েছে।

**চার্ট-৫: প্রশিক্ষণ পূর্ব ও পরবর্তী মূল্যায়ন**




| | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পূর্ব) | প্রশিক্ষণার্থীর শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পরবর্তী) | প্রশিক্ষণার্থীর শতকরা হার |
|---|---|---|---|---|
| ০১-১৫ | ২১ | ৫১ | ০ | ০ |
| ১৬-৩০ | ২০ | ৪৯ | ০ | ০ |
| ৩১-৪৫ | ০ | ০ | ৪১ | ১০০ |

চার্ট-৫ বিশ্লেষণে দেখা যায়, ৪১ জন প্রশিক্ষণার্থীর মধ্যে প্রশিক্ষণ পূর্ব মূল্যায়ন পরীক্ষায় ১-১৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ২১ জন (৫১%)। ১৬-৩০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ২০ জন (৪৯%) এবং ৩১-৪৫ এর মধ্যে কেউই নাম্বার প্রাপ্ত হননি।

অপরদিকে প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ৪১ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে ০১-৩০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ০ জন এবং ৩১-৪৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৪১ জন (১০০%)।

সার্বিক পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ০১-১৫ নাম্বার প্রাপ্তির সংখ্যা ছিল ২১ জন (৫১%); যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় কমে হয়েছে ০ জন (০%)। প্রশিক্ষণ পূর্ব ১৬-৩০ নাম্বার প্রাপ্তির সংখ্যা ছিল ২০ জন (৪৯%); যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নে কমে হয়েছে ০ জন (০%)। অপরদিকে নাম্বার বেশি প্রাপ্তির সংখ্যা অর্থাৎ ৩১-৪৫; যা প্রশিক্ষণ পূর্ববর্তী পরীক্ষায় ছিল ০ জন (০%); প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় বৃদ্ধি পেয়ে হয়েছে ৪১ জন (১০০%)। এতে প্রমানিত হয় যে, প্রশিক্ষণ পূর্বের চেয়ে প্রশিক্ষণ পরবর্তী প্রশিক্ষণার্থীগণের জ্ঞান বা প্রশ্ন উত্তর দানের দক্ষতা বৃদ্ধি পেয়েছে।

**৬.৩. কোর্স মূল্যায়ন:** প্রশিক্ষণ কোর্সের প্রাসঙ্গিকতা, দাপ্তরিক দায়িত্ব পালনে উপযোগিতা এবং পেশাগত দায়িত্ব ও দৃষ্টিভঙ্গী পরিবর্তন সম্পর্কিত মূল্যায়ন

**সারণী-১৭: কোর্সের বিষয়বস্তু দায়িত্বপালনে কতটুকু প্রাসঙ্গিক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| অত্যন্ত প্রাসঙ্গিক | ৩৮ | ৯৩ |
| প্রাসঙ্গিক | ০৩ | ০৭ |
| মোটামুটি প্রাসঙ্গিক | ০০ | ০০ |

সারণী-১৭ পর্যালোচনায় দেখা যায়, কোর্সের বিষয়বস্তু তাদের জন্য অত্যন্ত প্রাসঙ্গিক ছিল বলেছেন ৩৮ জন (৯৩%), প্রাসঙ্গিক বলেছেন ০৩ জন (০৭%) এবং মোটামুটি প্রাসঙ্গিক কেউ বলেনি।

**সারণী-১৮: কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ৩৪ | ৮৩ |
| সহায়ক | ০৬ | ১৫ |
| মোটামুটি সহায়ক | ০১ | ০২ |

সারণী-১৮ পর্যালোচনায় দেখা যায়, কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছে ৩৪ জন (৮৩%), সহায়ক হয়েছে বলেছেন ০৬ জন (১৫%) এবং মোটামুটি সহায়ক বলেছেন ০১ জন (০২%)।

**সারণী-১৯: প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ৩৬ | ৮৮ |
| সহায়ক | ০৫ | ১২ |
| মোটামুটি সহায়ক | ০০ | ০০ |

সারণী-১৯ পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছেন ৩৬ জন (৮৮%) এবং সহায়ক বলেছেন ০৫ জন (১২%) এবং মোটামুটি সহায়ক কেউ বলেনি।

**৬.৪ ভবিষ্যতে এ ধরণের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায়:**

- ব্যবহারিক ক্লাস আরও বেশি অন্তর্ভুক্ত করা প্রয়োজন।
- কম্পিউটারে আরও প্রশিক্ষণ দরকার মনে করেন।

**৬.৫ আবাসন ব্যবস্থা সম্পর্কে মতামত:**

- বেডশিট, বালিশ কভার সপ্তাহ পর পর পরিবর্তন করা প্রয়োজন।
- রুমগুলো এসি থাকলে ভালো হতো।

**৬.৬ ডাইনিং ব্যবস্থাপনা**

- হ্যান্ড ওয়াশ সব সময় রাখার ব্যবস্থা করা প্রয়োজন;

**৬.৭ কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা সর্ম্পকে মতামত:**

- কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা অত্যন্ত প্রশংসনীয়।

## সপ্তম অধ্যায়
## ইউনিয়ন পরিষদ সচিবগণের 'বুনিয়াদি রিফ্রেসার্স' কোর্স

### ৭. ইউনিয়ন পরিষদ সচিবগণের 'বুনিয়াদি রিফ্রেসার্স' কোর্স

**৭.১ কোর্স সম্পর্কে বিস্তারিত:** ইউনিয়ন পরিষদ সচিবগণের বুনিয়াদি রিফ্রেসার্স গত ২৪-২৮ মার্চ, ২০২৪ পর্যন্ত ০৫ দিন ব্যাপি ২টি ব্যাচ এনআইএলজিতে অনুষ্ঠিত হয়। এতে মোট ৭৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন যাদের মধ্যে ৬ জন নারী এবং ৭৩ জন পুরুষ প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন। কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের ৪৫ নাম্বারের একই প্রশ্নপত্রের মাধ্যমে প্রশিক্ষণ পূর্ববর্তী ও পরবর্তী মূল্যায়ন পরীক্ষা ইআরপি সফটওয়্যার ব্যবহার করে গ্রহণ করা হয়। এছাড়া প্রশিক্ষণার্থীগণের মাধ্যমে কোর্স মূল্যায়ন করা হয়। সকল মূল্যায়ন ফলাফল ধারাবাহিকভাবে নিম্নে আলোচনা করা হলো।

**সারণী-২০: প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল:**


| প্রাপ্ত নাম্বার | | প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন | | প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন | |
|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নাম্বার | নাম্বারের শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রশিক্ষণার্থীর শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রশিক্ষণার্থীর শতকরা হার |
| ০১-০৫ | ০২-১১ | ০২ | ০৩ | ০০ | ০০ |
| ০৬-১০ | ১৩-২২ | ০৩ | ০৪ | ০০ | ০০ |
| ১১-১৫ | ২৪-৩৩ | ১০ | ১৩ | ০০ | ০০ |
| ১৬-২০ | ৩৬-৪৪ | ১৯ | ২৪ | ০০ | ০০ |
| ২১-২৫ | ৪৭-৫৬ | ২৪ | ৩০ | ০৫ | ০৬ |
| ২৬-৩০ | ৫৮-৬৭ | ১৩ | ১৬ | ১৪ | ১৮ |
| ৩১-৩৫ | ৬৯-৭৮ | ০৬ | ০৮ | ১৯ | ২৪ |
| ৩৬-৪০ | ৮০-৮৯ | ০২ | ০৩ | ২৩ | ২৯ |
| ৪১-৪৫ | ৯১-১০০ | ০০ | ০০ | ১৮ | ২৩ |
| | | ৭৯ | ১০০ | ৭৯ | ১০০ |

সারণী-২০ পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ৭৯ জনের মধ্যে ০১-০৫ নাম্বার পেয়েছেন ২ জন (০৩%)। ০৬-১০ নাম্বার পেয়েছেন ০৩ জন (০৪%)। ১১-১৫ নাম্বার পেয়েছেন ১০ জন (১৩%)। ১৬-২০ নাম্বার পেয়েছেন ১৯ জন (২৪%)। ২১-২৫ নাম্বার পেয়েছেন ২৪ জন (৩০%)। ২৬-৩০ নাম্বার পেয়েছেন ১৩ জন (১৬%)। ৩১-৩৫ নাম্বার পেয়েছেন ০৬ জন (০৮%)। ৩৬-৪০ নাম্বার পেয়েছেন ০২ জন (০৩%) এবং ৪১-৪৫ নামার কোন প্রশিক্ষণার্থী পায়নি।

অপরদিকে প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ৭৯ জনের মধ্যে ০১-২০ এর মধ্যে কেউই নাম্বার পায়নি। ২১-২৫ নাম্বার পেয়েছেন ০৫ জন (০৬%)। ২৬-৩০ নাম্বার পেয়েছেন ১৪ জন (১৮%)। ৩১-৩৫ নাম্বার পেয়েছেন ১৯ জন (২৪%)। ৩৬-৪০ নাম্বার পেয়েছেন ২৩ জন (২৯%) এবং ৪১-৪৫ নাম্বার পেয়েছেন ১৮ জন (২৩%)।

**৭.২ প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল চার্টের মাধ্যমে তুলনামূলক আলোচনা:** এখানে মোট ৪৫ নাম্বারকে তিনটি ভাগে ভাগ করা হয়েছে, যার মধ্যে ১-১৫ নাম্বারকে একটি, দ্বিতীয় ভাগ ১৬-৩০ এবং তৃতীয় ভাগ ৩১-৪৫ নাম্বার। উক্ত নাম্বারের ভিত্তিতে প্রশিক্ষণ পূর্ববর্তী ও পরবর্তী প্রাপ্ত নাম্বার প্রাপ্তির হার বিভাজন করে আলোচনা করা হয়েছে।

**চার্ট-৬: প্রশিক্ষণ পূর্ব ও পরবর্তী মূল্যায়ন**




চার্ট-৬ বিশ্লেষণে দেখা যায়, ৭৯ জন প্রশিক্ষণার্থীর মধ্যে প্রশিক্ষণ পূর্ব মূল্যায়ন পরীক্ষায় ১-১৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ১৫ জন (১৯%)। ১৬-৩০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৫৬ জন (৭১%) এবং ৩১-৪৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ০৮ জন (১০%)।

অপরদিকে প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ৭৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে ০১-১৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ০ জন। ১৬-৩০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ১৯ জন (২৪%) এবং ৩১-৪৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৬০ জন (৭৬%)।

সার্বিক পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ০১-১৫ নাম্বার প্রাপ্তির সংখ্যা ছিল ১৫ জন (১৯%); যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় কমে হয়েছে ০ জন (০%)। প্রশিক্ষণ পূর্ব ১৬-৩০ নাম্বার প্রাপ্তির সংখ্যা ছিল ৫৬ জন (৭১%); যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নে কমে হয়েছে ১৯ জন (২৪%)। অপরদিকে নাম্বার বেশি প্রাপ্তির সংখ্যা অর্থাৎ ৩১-৪৫; যা প্রশিক্ষণ পূর্ববর্তী পরীক্ষায় ছিল ০৮ জন (১০%); প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় বৃদ্ধি পেয়ে হয়েছে ৬০ জন (৭৬%)। এতে প্রমানিত হয় যে, প্রশিক্ষণ পূর্বের চেয়ে প্রশিক্ষণ পরবর্তী প্রশিক্ষণার্থীগণের জ্ঞান বা প্রশ্ন উত্তর দানের দক্ষতা বৃদ্ধি পেয়েছে।

**৭.৩. কোর্স মূল্যায়ন:** প্রশিক্ষণ কোর্সের প্রাসঙ্গিকতা, দাপ্তরিক দায়িত্ব পালনে উপযোগিতা এবং পেশাগত দায়িত্ব ও দৃষ্টিভঙ্গী পরিবর্তন সম্পর্কিত মূল্যায়ন

**সারণী-২১: কোর্সের বিষয়বস্তু দায়িত্বপালনে কতটুকু প্রাসঙ্গিক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| অত্যন্ত প্রাসঙ্গিক | ৫২ | ৬৬ |
| প্রাসঙ্গিক | ২৩ | ২৯ |
| মোটামুটি প্রাসঙ্গিক | ০৪ | ০৫ |

সারণী-২১ পর্যালোচনায় দেখা যায়, কোর্সের বিষয়বস্তু তাদের জন্য অত্যন্ত প্রাসঙ্গিক ছিল বলেছেন ৫২ জন (৬৬%), প্রাসঙ্গিক বলেছেন ২৩ জন (২৯%) এবং মোটামুটি প্রাসঙ্গিক বলেছেন ০৪ জন (০৫%)।

**সারণী-২২: কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ৪৩ | ৫৪ |
| সহায়ক | ৩৫ | ৪৪ |
| মোটামুটি সহায়ক | ০১ | ০২ |

সারণী-২২ পর্যালোচনায় দেখা যায়, কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছে ৪৩ জন (৫৪%), সহায়ক হয়েছে বলেছেন ৩৫ জন (৪৪%) এবং মোটামুটি সহায়ক বলেছেন ০১ জন (০২%)।

**সারণী-২৩: প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ৩৮ | ৪৮ |
| সহায়ক | ৪১ | ৫২ |
| মোটামুটি সহায়ক | ০০ | ০০ |

সারণী-২৩ পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছেন ৩৮ জন (৪৮%) এবং সহায়ক বলেছেন ৪১ জন (৫২%) এবং মোটামুটি সহায়ক কেউ বলেনি।

**৭.৪ ভবিষ্যতে এ ধরণের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায়:**

- নৈতিকতা বিষয়ক ক্লাস বৃদ্ধি করা প্রয়োজন।
- স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কৌশল বিস্তারিত আলোচনা হতে পারে।
- ক্রয় সংক্রান্ত আইন ও বিধিমালা বিস্তারিত আলোচনা প্রয়োজন।

**৭.৫ আবাসন ব্যবস্থা সম্পর্কে মতামত:**

- আবাসন ব্যবস্থা ভাল ছিল।

**৭.৬ ডাইনিং ব্যবস্থাপনা**

- ডাইনিং এর ব্যবস্থা ভাল ছিল;

**৭.৭ কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা সর্ম্পকে মতামত:**

- কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা অত্যন্ত প্রশংসনীয়।

# অষ্টম অধ্যায়

## হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স

### ৮. হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের 'বুনিয়াদি প্রশিক্ষণ'

**৮.১.১ কোর্স সম্পর্কে বিস্তারিত:** ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের 'বুনিয়াদি প্রশিক্ষ' গত ২১ এপ্রিল-০৫ মে ২০২৪ তারিখ ৩টি ব্যাচ এনআইএলজিতে অনুষ্ঠিত হয়। মোট অংশগ্রহণকারী ৯০ জন যার মধ্যে নারী ১৪ জন এবং পুরুষ ৭৬ জন। কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের একই প্রশ্নপত্রের মাধ্যমে প্রশিক্ষণ পূর্ববর্তী ও পরবর্তী মূল্যায়ন পরীক্ষা গ্রহণ করা হয়। ৩টি ব্যাচে ২৫ নাম্বারের মূল্যায়ন পরীক্ষা অনুষ্ঠিত হয় । এছাড়া প্রশিক্ষণার্থীগণের মাধ্যমে কোর্স মূল্যায়ন করা হয়। সকল মূল্যায়ন ফলাফল ধারাবাহিকভাবে নিম্নে আলোচনা করা হলো।

**সারণী-২৪: প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল:**


| প্রাপ্ত নাম্বার | | প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন | | প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন | |
|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নাম্বার | নাম্বারের শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পূর্ব) | প্রশিক্ষণার্থীর শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পরবর্তী) | প্রশিক্ষণার্থীর শতকরা হার |
| ০১-০৫ | ০৪-২০ | ০৩ | ০৩ | ০০ | ০০ |
| ০৬-১০ | ২৪-৪০ | ১১ | ১২ | ০১ | ০১ |
| ১১-১৫ | ৪৪-৬০ | ৩১ | ৩৪.৫ | ০৪ | ০৪ |
| ১৬-২০ | ৬৪-৮০ | ৩৪ | ৩৮.৫ | ২৪ | ২৭ |
| ২১-২৫ | ৮৪-১০০ | ১১ | ১২ | ৬১ | ৬৮ |
| | | ৯০ | ১০০ | ৯০ | ১০০ |

সারণী-২৪ পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ৯০ জন অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে ০১-০৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ০৩ জন (০৩%)। ০৬-১০ নাম্বার পেয়েছেন ১১ জন (১২%)। ১১-১৫ নাম্বার পেয়েছেন ৩১ জন (৩৪.৫%)। ১৬-২০ নাম্বার পেয়েছেন ৩৪ জন (৩৮.৫%) এবং ২১-২৫ নাম্বার পেয়েছেন ১১ জন (১২%)।

অপরদিকে প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ৯০ জন অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে ০১-০৫ এর মধ্যে নাম্বার পেয়েছে ০ জন (০%) । ০৬-১০ নাম্বার পেয়েছে ০১ জন (০১%)। ১১-১৫ নাম্বার পেয়েছেন ০৪ জন (০৪%)। ১৬-২০ নাম্বার পেয়েছেন ২৪ জন (২৭%) এবং ২১-২৫ নাম্বার পেয়েছেন ৬১ জন (৬৮%)।

**৮.১.২ প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল চার্টের মাধ্যমে তুলনামূলক আলোচনা:** এখানে মোট ২৫ নাম্বারকে তিনটি ভাগে ভাগ করা হয়েছে, যার মধ্যে ১-১০ নাম্বারকে একটি, দ্বিতীয় হচ্ছে ১১-২০ এবং তৃতীয়টি ২১-২৫ নাম্বার। উক্ত নাম্বারের ভিত্তিতে প্রশিক্ষণ পূর্ববর্তী ও পরবর্তী প্রাপ্ত নাম্বার প্রাপ্তির হার বিভাজন করে আলোচনা করা হয়েছে। যা নিম্নরূপ-

**চার্ট-৭: প্রশিক্ষণ পূর্ব ও পরবর্তী মূল্যায়ন**




চার্ট-৭ বিশ্লেষণে দেখা যায়, ৯০ জন প্রশিক্ষণার্থীর মধ্যে প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়নে ১-১০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ১৪ জন (১৬%)। ১১-২০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থী সংখ্যা ৬৫ জন (৭২%) এবং ২১-২৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ১১ জন (২২%)।

অপরদিকে প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ৯০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে ১-১০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ০১ জন (০১%)। ১১-২০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ২৮ জন (৩১%) এবং ২১-২৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৬১ জন (৬৮%)।

সার্বিক পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ১-১০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ছিল ১৪ জন (১৬%); যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় কমে হয়েছে ০১ জন (০১%)। প্রশিক্ষণ পূর্ব মূল্যায়নে ১১-২০ নাম্বার প্রাপ্তির সংখ্যা ছিল ৬৫ জন (৭২%); যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নে কমে হয়েছে ২৮ জন (৩১%) এবং দেখা যায় প্রশিক্ষণ পূর্ব মূল্যায়নে ২১-২৫ নাম্বার প্রাপ্তির সংখ্যা ছিল ১১ জন (১২%) যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নে বৃদ্ধি পেয়ে হয়েছে ৬১ জন (৬৮%)।

**৮.১.৩ কোর্স মূল্যায়ন:** প্রশিক্ষণ কোর্সের প্রাসঙ্গিকতা, দাপ্তরিক দায়িত্ব পালনে উপযোগিতা এবং পেশাগত দায়িত্ব ও দৃষ্টিভঙ্গী পরিবর্তন সম্পর্কিত মূল্যায়ন

**সারণী-২৫: কোর্সের বিষয়বস্তু দায়িত্বপালনে কতটুকু প্রাসঙ্গিক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| অত্যন্ত প্রাসঙ্গিক | ৬৭ | ৭৪ |
| প্রাসঙ্গিক | ২৩ | ২৬ |
| মোটামুটি প্রাসঙ্গিক | ০ | ০ |

সারণী-২৫ বিশ্লেষণে দেখা যায়, কোর্সের বিষয়বস্তু তাদের জন্য অত্যন্ত প্রাসঙ্গিক ছিল বলেছেন ৬৭ জন (৭৪%), প্রাসঙ্গিক বলেছেন ২৩ জন (২৬%) এবং মোটামুটি প্রাসঙ্গিক কেউই বলেন নি।

**সারণী-২৬: কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ৭৮ | ৮৭ |
| সহায়ক | ১২ | ১৩ |
| মোটামুটি সহায়ক | ০ | ০ |

সারণী-২৬ বিশ্লেষণে দেখা যায়, কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছে ৭৮ জন (৮৭%), সহায়ক বলেছেন ১২ জন (১৩%) এবং মোটামুটি সহায়ক কেউই বলেন নি।

**সারণী-২৭ প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ৮৬ | ৯৬ |
| সহায়ক | ০৪ | ০৪ |
| মোটামুটি সহায়ক | ০০ | ০০ |

সারণী-২৭ বিশ্লেষণে দেখা যায়, প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছেন ৮৬ জন (৯৬%) এবং সহায়ক বলেছেন ০৪ জন (০৪%)। মোটামুটি সহায়ক কেউই বলেন নি।

### ৮.১.৪ ভবিষ্যতে এ ধরণের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায়:

- গ্রাম আদালত বিষয়ে বিশেষ করে পেশকারের কার্যক্রম হাতে কলমে প্রশিক্ষণ প্রদান।
- সকল বিষয়ে লেকচার ক্লাস কমিয়ে অনুশীলন ক্লাস বৃদ্ধি করতে হবে।
- বিভিন্ন ফাইল, রেজিস্টার, গ্রাম আদালত ডকুমেন্ট, বাজেট, হিসাব ও কর নির্ধারণ বিষয়গুলো হাতে কলমে প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে।

### ৮.১.৫ আবাসন ব্যবস্থা:

আবাসন ব্যবস্থাদি সম্পর্কে মতামত প্রদানের ক্ষেত্রে প্রশিক্ষণার্থীগণ সন্তোষজনক ও খুবই ভালো বলে মতামত প্রকাশ করেছেন। তবে ফিডব্যাক হিসেবে রুমগুলোতে এসি এর ব্যবস্থা করা হলো প্রশিক্ষণার্থীগণের জন্য আরামদায়ক হবে বলে উল্লেখ করেন।

### ৮.১.৬ ডাইনিং ব্যবস্থাপনা

ডাইনিং ব্যবস্থাপনা সম্পর্কে মতামত প্রদানের ক্ষেত্রে প্রশিক্ষণার্থীগণ ভালো বলে তাদের মতামত প্রকাশ করেছেন। এনআইএলজি এর ডাইনিং (ডাইনিং-১) এ এসির ব্যবস্থা করার জন্য প্রস্তাব করেছেন।

### ৮.১.৭ কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা সর্ম্পকে মতামত:

কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা অনেক ভালো ছিল। অনেক দক্ষতার সাথে কোর্স পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনা করা হয়েছে।

# নবম অধ্যায়

## গ্রামপুলিশ বাহিনীর দায়িত্ব ও কার্যাবলী

### ৯. ইউনিয়ন পরিষদ ‘গ্রামপুলিশ বাহিনীর দায়িত্ব ও কার্যাবলী’ কোর্স

**৯.১ কোর্স সম্পর্কে বিস্তারিত:** ইউনিয়ন পরিষদ গ্রামপুলিশগণের ‘গ্রাম পুলিশ বাহিনীর দায়িত্ব কার্যাবলী’ শীর্ষক প্রশিক্ষণ ২৮টি ব্যাচের তথ্য যুক্ত করা হয়েছে। ২৮টি ব্যাচে মোট ৮৬০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন যার মধ্যে ১৩৬ জন নারী এবং ৭৩৪ জন পুরুষ অংশগ্রহণ করেছেন। কোর্সগুলো মাঠ পর্যায়ে উপজেলা রিসোর্স টিম (ইউআরটি) সদস্যগণের সহযোগিতায় বাস্তবায়ন করা হয়েছে। কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের ২৫ নাম্বারের একই প্রশ্নপত্রের মাধ্যমে প্রশিক্ষণ পূর্ববর্তী ও পরবর্তী মূল্যায়ন পরীক্ষা গ্রহণ করা হয়। এছাড়া প্রশিক্ষণার্থীগণের মাধ্যমে কোর্স মূল্যায়ন করা হয়। সকল মূল্যায়ন ফলাফল ধারাবাহিকভাবে নিম্নে আলোচনা করা হলোঃ

**সারণী-২৮: প্রশিক্ষণ পূর্ব ও পরবর্তী মূল্যায়ন**


| প্রাপ্ত নাম্বার | | প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন | | প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন | |
|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নাম্বার | নাম্বারের শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পূর্ব) | প্রশিক্ষণার্থীর শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পরবর্তী) | প্রশিক্ষণার্থীর শতকরা হার |
| ০১-০৫ | ০৪-২০ | ৩৫১ | ৪১ | ০৯ | ০১ |
| ০৬-১০ | ২৪-৪০ | ৩০০ | ৩৫ | ২৮ | ০৩ |
| ১১-১৫ | ৪৪-৬০ | ১৭২ | ২০ | ৯৭ | ১১ |
| ১৬-২০ | ৬৪-৮০ | ২৬ | ০৩ | ৩৩৬ | ৩৯ |
| ২১-২৫ | ৮৪-১০০ | ১১ | ০১ | ৩৯০ | ৪৬ |
| | | ৮৬০ | ১০০ | ৮৬০ | ১০০ |

সারণী-২৮ পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ৮৬০ জন অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে ০১-০৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩৫১ জন (৪১%)। ০৬-১০ নাম্বার পেয়েছে ৩০০ জন (৩৫%)। ১১-১৫ নাম্বার পেয়েছে ১৭২ জন (২০%)। ১৬-২০ নাম্বার পেয়েছে ২৬ জন (০৩%) এবং ২১-২৫ নাম্বার পেয়েছে ১১ জন (০১%)।

অপরদিকে প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ৮৬০ জনের মধ্যে ০১-০৫ নাম্বার পেয়েছে ০৯ জন (০১%)। ০৬-১০ এর মধ্যে নাম্বার পেয়েছে ২৮ জন (০৩%)। ১১-১৫ নাম্বার পেয়েছেন ৯৭ জন (১১%)। ১৬-২০ নাম্বার পেয়েছেন ৩৩৬ জন (৩৯%)। ২১-২৫ নাম্বার পেয়েছেন ৩৯০ জন (৪৬%)।

**৯.২ প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল চার্টের মাধ্যমে তুলনামূলক আলোচনা:** এখানে মোট ২৫ নাম্বারকে তিনটি ভাগে ভাগ করা হয়েছে যার মধ্যে ১-১০ নাম্বারকে একটি, দ্বিতীয়টি ১১-২০ এবং অপর ভাগে ২১-২৫ নাম্বার। উক্ত নাম্বারের ভিত্তিতে প্রশিক্ষণ পূর্ববর্তী ও পরবর্তী প্রাপ্ত নাম্বার প্রাপ্তির হার বিভাজন করে আলোচনা করা হয়েছে। যা নিম্নরূপ-

**চার্ট-৮: প্রশিক্ষণ পূর্ব ও পরবর্তী মূল্যায়ন**




চার্ট-৮ বিশ্লেষণে দেখা যায়, ৮৬০ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ করেছে। এদের মধ্যে ১-১০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৬৫১ জন (৭৬%)। ১১-২০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ১৯৮ জন (২৩%) এবং ২১-২৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ১১ জন (০১%)।

অপরদিকে প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ৮৬০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছে। এদের মধ্যে ১-১০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩৭ জন (৪%)। ১১-২০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৪৩৩ জন (৫০%) এবং ২১-২৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩৯০ জন (৪৫%)।

সার্বিক পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ১-১০ নাম্বার প্রাপ্তির সংখ্যা ছিল ৬৫১ জন (৭৬%); যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় কমে হয়েছে ৩৭ জন (৪%)। পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ১১-২০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থী ছিল ১৯৮ জন (২৩%); যা পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় হয়েছে ৪৩৩ জন (৫০%) এবং নাম্বার বেশি প্রাপ্তির সংখ্যা অর্থাৎ ২১-২৫ প্রশিক্ষণ পূর্ববর্তী পরীক্ষায় ছিল ১১ জন (১%); যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় বৃদ্ধি পেয়ে হয়েছে ৩৯০ জন (৪৫%)। এতে প্রমানিত হয় যে, প্রশিক্ষণ পূর্বের চেয়ে প্রশিক্ষণ পরবর্তী প্রশিক্ষণার্থীগণের জ্ঞান বা প্রশ্ন উত্তর দানের দক্ষতা বৃদ্ধি পেয়েছে।

**৯.৩. কোর্স মূল্যায়ন:** প্রশিক্ষণ কোর্সের প্রাসঙ্গিকতা, দাপ্তরিক দায়িত্ব পালনে উপযোগিতা এবং পেশাগত দায়িত্ব ও দৃষ্টিভঙ্গী পরিবর্তন সম্পর্কিত মুল্যায়ন

**সারণী-২৯ কোর্সের বিষয়বস্তু দায়িত্বপালনে কতটুকু প্রাসঙ্গিক।**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| অত্যন্ত প্রাসঙ্গিক | ৬৬০ | ৭৭ |
| প্রাসঙ্গিক | ১৭৫ | ২০ |
| মোটামুটি প্রাসঙ্গিক | ২৫ | ০৩ |

সারণী-২৯ বিশ্লেষণে দেখা যায়, কোর্সের বিষয়বস্তু তাদের জন্য অত্যন্ত প্রাসঙ্গিক ছিল বলেছেন ৬৬০ জন (৭৭%), প্রাসঙ্গিক বলেছেন ১৭৫ জন (২০%) এবং মোটামুটি প্রাসঙ্গিক বলেছেন ২৫ জন (০৩%)।

**সারণী-৩০ কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ৭০৫ | ৮২ |
| সহায়ক | ১১৯ | ১৪ |
| মোটামুটি সহায়ক | ৩৬ | ০৪ |

সারণী-৩০ বিশ্লেষণে দেখা যায়, কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছে ৭০৫ জন (৮২%), সহায়ক হয়েছে বলেছেন ১১৯ জন (১৪%) এবং মোটামুটি সহায়ক বলেছেন ৩৬ জন (০৪%)।

**সারণী-৩১ প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ৬৯০ | ৮০ |
| সহায়ক | ৯০ | ১০ |
| মোটামুটি সহায়ক | ৮০ | ০৯ |

সারণী-৩১ বিশ্লেষণে দেখা যায়, প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছেন ৬৯০ জন (৮০%) এবং সহায়ক বলেছেন ৯০ জন (১০%)। মোটামুটি সহায়ক বলেছে ৮০ জন (০৯%)।

**৯.৪ ভবিষ্যতে এ ধরনের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায়।**

- প্রশিক্ষণের মেয়াদ ৩দিন এর পরিবর্তে ৭-১০ দিন বৃদ্ধি করা যেতে পারে।
- দুপুরে খাবারের ব্যবস্থা করা যেতে পারে।
- প্রশিক্ষনের ফাঁকে ফাঁকে বিনোদনের ব্যবস্থা থাকতে পারে।
- প্রশিক্ষণে আগ্রহী হওয়ার জন্য প্রতিযোগিতামূলক পরীক্ষায় পুরস্কারের ব্যবস্থা থাকতে পারে।

# দশম অধ্যায়

## গ্রামপুলিশ বাহিনীর বুনিয়াদি প্রশিক্ষণ

### ১০. ইউনিয়ন পরিষদ গ্রামপুলিশ বাহিনীর 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স

**১০.১ কোর্স সম্পর্কে বিস্তারিত:** ইউনিয়ন পরিষদ গ্রামপুলিশ বাহিনীর 'বুনিয়াদি প্রশিক্ষণ' ১১টি ব্যাচের তথ্য যুক্ত করা হয়েছে। ১১টি ব্যাচে মোট ৪৪০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন যার মধ্যে ২২ জন নারী এবং ৪১৮ জন পুরুষ। কোর্সগুলো মাঠ পর্যায়ে উপজেলা রিসোর্স টিম (ইউআরটি) সদস্যগণের সহযোগিতায় বাস্তবায়ন করা হয়েছে। কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের ২৫ নাম্বারের একই প্রশ্নপত্রের মাধ্যমে প্রশিক্ষণ পূর্ববর্তী ও পরবর্তী মূল্যায়ন পরীক্ষা গ্রহণ করা হয়। এছাড়া প্রশিক্ষণার্থীগণের মাধ্যমে কোর্স মূল্যায়ন করা হয়। সকল মূল্যায়ন ফলাফল ধারাবাহিকভাবে নিম্নে আলোচনা করা হলোঃ

**সারণী-৩২: প্রশিক্ষণ পূর্ব ও পরবর্তী মূল্যায়ন**


| প্রাপ্ত নাম্বার | | প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন | | প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন | |
|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নাম্বার | নাম্বারের শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পূর্ব) | প্রশিক্ষণার্থীর শতকরা হার | প্রশিক্ষণার্থীর সংখ্যা (পরবর্তী) | প্রশিক্ষণার্থীর শতকরা হার |
| ০১-০৫ | ০৪-২০ | ১৮৪ | ৪২ | ০০ | ০০ |
| ০৬-১০ | ২৪-৪০ | ১৭৬ | ৪০ | ২০ | ০৫ |
| ১১-১৫ | ৪৪-৬০ | ৬২ | ১৪ | ৩২ | ০৭ |
| ১৬-২০ | ৬৪-৮০ | ১৪ | ০৩ | ১৭৩ | ৩৯ |
| ২১-২৫ | ৮৪-১০০ | ০৪ | ০১ | ২১৫ | ৪৯ |
| | | ৪৪০ | ১০০ | ৪৪০ | ১০০ |

সারণী-৩২ পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ৪৪০ জন অংশগ্রহণ করেছেন। এদের মধ্যে ০১-০৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ১৮৪ জন (৪২%)। ০৬-১০ নাম্বার পেয়েছে ১৭৬ জন (৪০%)। ১১-১৫ নাম্বার পেয়েছে ৬২ জন (১৪%)। ১৬-২০ নাম্বার পেয়েছে ১৪ জন (০৩%) এবং ২১-২৫ নাম্বার পেয়েছে ৪ জন (০১%)।

অপরদিকে প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ৪৪০ জনের মধ্যে ০১-০৫ নাম্বার কেউই পায়নি। ০৬-১০ এর মধ্যে নাম্বার পেয়েছে ২০ জন (০৫%)। ১১-১৫ নাম্বার পেয়েছেন ৩২ জন (০৭%)। ১৬-২০ নাম্বার পেয়েছেন ১৭৩ জন (৩৯%)। ২১-২৫ নাম্বার পেয়েছেন ২১৫ জন (৪৯%)।

**১০.২ প্রশিক্ষণ পূর্ববর্তী ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল চার্টের মাধ্যমে তুলনামূলক আলোচনা:** এখানে মোট ২৫ নাম্বারকে তিনটি ভাগে ভাগ করা হয়েছে যার মধ্যে ১-১০ নাম্বারকে একটি, দ্বিতীয়টি ১১-২০ এবং অপর ভাগে ২১-২৫ নাম্বার। উক্ত নাম্বারের ভিত্তিতে প্রশিক্ষণ পূর্ববর্তী ও পরবর্তী প্রাপ্ত নাম্বার প্রাপ্তির হার বিভাজন করে আলোচনা করা হয়েছে। যা নিম্নরূপ-

**চার্ট-৯: প্রশিক্ষণ পূর্ব ও পরবর্তী মূল্যায়ন**




চার্ট-৯ বিশ্লেষণে দেখা যায়, ৪৪০ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ করেছে। এদের মধ্যে ১-১০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩৬০ জন (৮২%)। ১১-২০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৭৬ জন (১৭%) এবং ২১-২৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ০৪ জন (০১%)।

অপরদিকে প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় ৪৪০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছে। এদের মধ্যে ১-১০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ২০ জন (০৫%)। ১১-২০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ২০৫ জন (৪৭%) এবং ২১-২৫ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ২১৫ জন (৪৯%)।

সার্বিক পর্যালোচনায় দেখা যায়, প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ১-১০ নাম্বার প্রাপ্তির সংখ্যা ছিল ৩৬০ জন (৮২%); যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় কমে হয়েছে মাত্র ২০ জন (০৫%)। পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় ১১-২০ নাম্বার প্রাপ্ত প্রশিক্ষণার্থী ছিল ৭৬ জন (১৭%); যা পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় হয়েছে ২০৫ জন (৪৭%) এবং নাম্বার বেশি প্রাপ্তির সংখ্যা অর্থাৎ ২১-২৫ প্রশিক্ষণ পূর্ববর্তী পরীক্ষায় ছিল ০৪ জন (০১%); যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় বৃদ্ধি পেয়ে হয়েছে ২১৫ জন (৪৯%)। এতে প্রমানিত হয় যে, প্রশিক্ষণ পূর্বের চেয়ে প্রশিক্ষণ পরবর্তী প্রশিক্ষণার্থীগণের জ্ঞান বা প্রশ্ন উত্তর দানের দক্ষতা বৃদ্ধি পেয়েছে।

**১০.৩. কোর্স মূল্যায়ন:** প্রশিক্ষণ কোর্সের প্রাসঙ্গিকতা, দাপ্তরিক দায়িত্ব পালনে উপযোগিতা এবং পেশাগত দায়িত্ব ও দৃষ্টিভঙ্গী পরিবর্তন সম্পর্কিত মুল্যায়ন

**সারণী-৩৩ কোর্সের বিষয়বস্তু দায়িত্বপালনে কতটুকু প্রাসঙ্গিক।**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| অত্যন্ত প্রাসঙ্গিক | ৩৭২ | ৮৫ |
| প্রাসঙ্গিক | ৬১ | ১৪ |
| মোটামুটি প্রাসঙ্গিক | ০৭ | ০১ |

সারণী-৩৩ বিশ্লেষণে দেখা যায়, কোর্সের বিষয়বস্তু তাদের জন্য অত্যন্ত প্রাসঙ্গিক ছিল বলেছেন ৩৭২ জন (৮৫%), প্রাসঙ্গিক বলেছেন ৬১ জন (১৪%) এবং মোটামুটি প্রাসঙ্গিক বলেছেন ০৭ জন (০১%)।

**সারণী-৩৪ কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ৩৮৯ | ৮৮ |
| সহায়ক | ৪৭ | ১১ |
| মোটামুটি সহায়ক | ০৪ | ০১ |

সারণী-৩৪ বিশ্লেষণে দেখা যায়, কোর্সে অংশগ্রহণ দাপ্তরিক দায়িত্ব পালনে কতটুকু সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছে ৩৮৯ জন (৮৮%), সহায়ক হয়েছে বলেছেন ৪৭ জন (১১%) এবং মোটামুটি সহায়ক বলেছেন ০৪ জন (০১%)।

**সারণী-৩৫ প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক:**

| প্রাসঙ্গিকতা | উত্তরদাতা | শতকরা হার |
|---|---|---|
| খুবই সহায়ক | ৩১৯ | ৭৩ |
| সহায়ক | ৯৯ | ২২ |
| মোটামুটি সহায়ক | ২২ | ০৫ |

সারণী-৩৫ বিশ্লেষণে দেখা যায়, প্রশিক্ষণটি পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনে কতখানি সহায়ক জানতে চাইলে খুবই সহায়ক বলেছেন ৩১৯ জন (৭৩%) এবং সহায়ক বলেছেন ৯৯ জন (২২%)। মোটামুটি সহায়ক বলেছে ২২ জন (০৫%)।

### ১০.৪ ভবিষ্যতে এ ধরনের কোর্সে কী কী বিষয় অন্তর্ভুক্ত করা যায়।

- কারিগরী ও আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে।
- অধিকাংশ বিষয় হাতে কলমে অনুশীলন করানো হলে মনে রাখতে সুবিধা হবে।
- পারস্পারিক শিখন নিজ উপজেলা বা জেলার বাহিরে হলে ভাল হবে।

# একাদশ অধ্যায়

## ফলাফল ও সুপারিশ

**১১. ফলাফল ও সুপারিশ:**

**১১.১ প্রশিক্ষণ পূর্ব ও পরবর্তী মূল্যায়ন:** প্রশিক্ষণ পূর্ব ও প্রশিক্ষণ পরবর্তী সামগ্রিক মূল্যায়ন ফলাফল বিশ্লেষণে দেখা যায় প্রাপ্ত ফলাফলে অধিকাংশ প্রশিক্ষণার্থীগণের বিষয়ভিত্তিক আলোচনায় জ্ঞান ও প্রশ্ন উত্তর দানের দক্ষতা বৃদ্ধি পেয়েছে। প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পরীক্ষায় গড়ে সর্বনিম্ন নাম্বার প্রাপ্তির শতকরা হার ছিল ৫৫% যা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফলে সর্বনিম্ন নাম্বার প্রাপ্তির শতকরা হর কমে হয়েছে ০৩%। প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন ফলাফলে মধ্য মানের গড় নাম্বার প্রাপ্তির শতকরা হার ছিল ৪৩% যা নিম্নমান থেকে বৃদ্ধি পেয়ে প্রশিক্ষণ পরবর্তী মধ্য মানের নাম্বার প্রাপ্তির শতকরা হার হয়েছে ৬১% এবং প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় নির্ধারিত নাম্বারের মধ্যে গড়ে সর্বোচ্চ নাম্বার প্রাপ্তির হার ছিল ০২% যা পরবর্তী মূল্যায়ন ফলাফলে বৃদ্ধি পেয়ে শতকরা হার ৩৬% হয়েছে।

**১১.২ প্রশিক্ষণে আলোচ্য বিষয় দায়িত্বপালনে প্রাসঙ্গিকতা:** আলোচ্য প্রতিবেদনে মোট ৩০৬২ জন প্রশিক্ষণার্থী বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণ করেছে। ফলাফল বিশ্লেষণে দেখা যায় ৭৫% প্রশিক্ষণার্থী বাস্তবায়িত কোর্সগুলো তাদের জন্য অত্যন্ত প্রাসঙ্গিক হয়েছে বলে উল্লেখ করেছে। প্রাসঙ্গিক হয়েছে বলেছে ২০% প্রশিক্ষণার্থী এবং মোটামুটি প্রাসঙ্গিক বলেছে মাত্র ০৫% প্রশিক্ষণার্থী। এর মাধ্যমে স্পষ্ট যে এনআইএলজি'র প্রশিক্ষণের মাধ্যমে আলোচ্য বিষয়গুলো প্রশিক্ষণার্থীগণের জন্য অত্যন্ত প্রাসঙ্গিক ছিল।

**১১.৩ প্রশিক্ষণে অংশগ্রহণ দায়িত্ব পালনে সহায়তা:** ফলাফল বিশ্লেষণে দেখা যায় ৮১% প্রশিক্ষণার্থী প্রশিক্ষণে অংশগ্রহণ তাদের জন্য খুবই সহায়ক হয়েছে বলে উল্লেখ করেছে। সহায়ক হয়েছে বলেছে ১৬% প্রশিক্ষণার্থী এবং মোটামুটি সহায়ক বলেছে মাত্র ০৩% প্রশিক্ষণার্থী। এর মাধ্যমে স্পষ্ট যে এনআইএলজি'র প্রশিক্ষণের ফলে প্রশিক্ষণার্থীগণের দাপ্তরিক দায়িত্ব পালনে সহায়তা হচ্ছে।

**১১.৪ প্রশিক্ষণ পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তে সহায়ক:** ফলাফল বিশ্লেষণে দেখা যায় ৭৭% প্রশিক্ষণার্থী প্রশিক্ষণটি তাদের পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তে খুবই সহায়ক হয়েছে বলে উল্লেখ করেছে। সহায়ক হয়েছে বলেছে ১৭% প্রশিক্ষণার্থী এবং মোটামুটি সহায়ক বলেছে মাত্র ০৬% প্রশিক্ষণার্থী। এর মাধ্যমে স্পষ্ট যে এনআইএলজি'র প্রশিক্ষণের ফলে প্রশিক্ষণার্থীগণের পেশাগত জ্ঞান ও দৃষ্টিভঙ্গী পরিবর্তে সহায়ক হচ্ছে।

**১১.৫ ভবিষ্যতে কোর্সগুলোতে যেসব বিষয় অন্তর্ভুক্ত করার সুপারিশ করা হয়েছে:**

**১১.৫.১ জেলা পরিষদ সদস্যগণের জন্য 'জেলা পরিষদ সম্পর্কিত অবহিতকরণ প্রশিক্ষণ' কোর্স**

- জেলা পরিষদ তহবিল গঠন ও বাজেট প্রণয়ন;
- সরকারি ক্রয় ব্যবস্থাপনা;
- জেলা পরিষদের সদস্যগণের দায়িত্ব, কর্তব্য ও প্রাধিকার; এবং
- SDG (Sustainable Development Goal)

**১১.৫.২ পৌরসভার মেয়র, কাউন্সিলর ও পৌর নির্বাহী কর্মকর্তাগণের জন্য 'পৌরসভা সম্পদ আহরণ ও নাগরিক অংশগ্রহন' বিষয়ক প্রশিক্ষণ**

- আর্থিক ব্যবস্থাপনা;
- বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়া;
- পরিবেশ এবং সামাজিক নিরাপত্তা;

**১১.৫.৩ উপজেলা রিসোর্স টিম (ইউআরটি) সদস্যগণের 'প্রশিক্ষক প্রশিক্ষণ' কোর্স**

- প্রশিক্ষণ কোর্সের মেয়াদ ১দিনের পরিবর্তে কমপক্ষে ২ দিন করা যেতে পারে।

- সম্পদ আহরণ ও বাজেট প্রণয়ন সেশন প্রাকটিক্যাল হলে ভাল হবে।

**১১.৫.৪ ইউপি চেয়ারম্যান, সদস্য, সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের 'সম্পদ আহরণ ও বাজেট ব্যবস্থাপনা' প্রশিক্ষণ**

- গ্রাম আদালত বিষয়টি যুক্ত করা যেতে পারে;
- ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করে সেবা প্রদান প্রক্রিয়া অধিক আলোচনা প্রয়োজন;
- ক্যাশবই ও বিভিন্ন রেজিস্টার লিখন অনুশীলন সেশন প্রয়োজন;
- বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন অনুশীলন এবং এ বিষয়ে দীর্ঘ সময় দেয়া প্রয়োজন;
- প্রশিক্ষণের মেয়াদ ৫ দিন করা প্রয়োজন;
- ১ দিন অন্য ইউনিয়নে পারস্পরিক শিখন রাখা;

**১১.৫.৫ ইউনিয়ন পরিষদ সচিবগণের 'বুনিয়াদি প্রশিক্ষণ'**

- ব্যবহারিক ক্লাস আরও বেশি অন্তর্ভুক্ত করা প্রয়োজন।
- কম্পিউটারে আরও প্রশিক্ষণ দরকার মনে করেন।

**১১.৫.৬ ইউনিয়ন পরিষদ সচিবগণের 'বুনিয়াদি রিফ্রেসার্স' কোর্স**

- নৈতিকতা বিষয়ক ক্লাস বৃদ্ধি করা প্রয়োজন।
- স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কৌশল বিস্তারিত আলোচনা হতে পারে।
- ক্রয় সংক্রান্ত আইন ও বিধিমালা বিস্তারিত আলোচনা প্রয়োজন।

**১১.৫.৭ ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের জন্য 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স**

- গ্রাম আদালত বিষয়ে বিশেষ করে পেশকারের কার্যক্রম হাতে কলমে প্রশিক্ষণ প্রদান।
- সকল বিষয়ে লেকচার ক্লাস কমিয়ে অনুশীলন ক্লাস বৃদ্ধি করতে হবে।
- বিভিন্ন ফাইল, রেজিস্টার, গ্রাম আদালত ডকুমেন্ট, বাজেট, হিসাব ও কর নির্ধারণ বিষয়গুলো হাতে কলমে প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে।

**১১.৫.৮ ইউনিয়ন পরিষদ 'গ্রামপুলিশ বাহিনীর দায়িত্ব ও কার্যাবলী' কোর্স**

- প্রশিক্ষণের মেয়াদ ৩ দিনের পরিবর্তে ৭-১০ দিন বৃদ্ধি করা যেতে পারে।
- দুপুরে খাবারের ব্যবস্থা করা যেতে পারে।
- প্রশিক্ষনের ফাঁকে ফাঁকে বিনোদনের ব্যবস্থা থাকতে পারে।
- প্রশিক্ষণে আগ্রহী হওয়ার জন্য প্রতিযোগিতামূলক পরীক্ষায় পুরস্কারের ব্যবস্থা থাকতে পারে।

**১১.৫.৯ ইউনিয়ন পরিষদ গ্রামপুলিশ বাহিনীর জন্য 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্স**

- কারিগরী ও আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে।
- অধিকাংশ বিষয় হাতে কলমে অনুশীলন করানো হলে মনে রাখতে সুবিধা হবে।
- পারস্পারিক শিক্ষন নিজ উপজেলা বা জেলার বাহিরে হলে ভাল হবে।

**১১.৬ আবাসন ব্যবস্থা**

**১১.৬.১ এনআইএলজি**

- বেডশিট, বালিশ কভার এক সপ্তাহ পর পর পরিবর্তন করা প্রয়োজন।
- রুমগুলো এসি থাকলে ভালো হতো।
- আবাসন ব্যবস্থা ভাল ছিল।
- আবাসন ব্যবস্থাদি সম্পর্কে মতামত প্রদানের ক্ষেত্রে প্রশিক্ষণার্থীগণ সন্তোষজনক ও খুবই ভালো বলে মতামত প্রকাশ করেছেন। তবে ফিডব্যাক হিসেবে রুমগুলোতে এসি এর ব্যবস্থা করা হলো প্রশিক্ষণার্থীগণের জন্য আরামদায়ক হবে বলে উল্লেখ করেন।

**১১.৬.২ মাঠপর্যায়**

- বরাদ্দকৃত আবাসন ভাতা অপ্রতুল ছিল। ভবিষ্যতে আবাসন ভাতা বাড়ানো যেতে পারে।
- কোর্সটি আবাসিক ছিল। কিন্তু উপজেলা পর্যায়ে এক সাথে অধিক লোক থাকার পর্যাপ্ত ব্যবস্থা নেই এবং যা আছে তাও মান সম্পন্ন নয়। প্রশিক্ষণটি নির্দিষ্ট কোনো প্রশিক্ষণ ইনস্টিটিউটের ভেন্যুতে হলে ভাল হত।

**১১.৭ ডাইনিং ব্যবস্থাপনা**

- ডাইনিং ব্যবস্থা ভালো ছিল।
- হ্যান্ডওয়াশ সব সময় রাখার ব্যবস্থা করা প্রয়োজন।
- ডাইনিং এ এসির ব্যবস্থা করার জন্য প্রস্তাব করেছেন।

**১১.৮ উপসংহার:** প্রতিবেদনটি প্রশিক্ষণের গুণগতমান বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে। এটি প্রশিক্ষণে অবকাঠামো, টেকনিক্যাল ও প্রশাসনিক দক্ষতা বৃদ্ধিতে সহায়ক হবে। সার্বিক পর্য়ালোচনায় প্রতীয়মান হয়েছে প্রশিক্ষণগুলো বাস্তবায়নের মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর জনপ্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীগণের পেশাগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি পাচ্ছে। ফলাফল বিশ্লেষণ ও সুপারিশে যে বিষয়গুলো উঠে এসেছে তা বাস্তবায়িত হলে প্রাতিষ্ঠানিক ও প্রশিক্ষণের গুণগতমান এবং প্রশিক্ষণার্থীদের জ্ঞান ও দক্ষতাবৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে।

সমাপ্ত